মরার উপর খাঁড়ার ঘা মেরনা—Never strike a man when he is down.

মরা হাতি লাখ টাকা—The very ruins of greatness are great.

মশা মারতে কামান পাতা—To crush a butterfly on a wheel; take not the musket to kill a butterfly.

মশা (বা মাছি) মেরে হাত কাল (গন্ধান)—No one can touch rouge without staining his fingers.

মহাজনো যেন গতঃ স পন্থাঃ—Follow the wise; walk in the way of good men; keep the paths of the righteous.

মাকাল ফল দেখতে ভাল উপরে লাল ভিতরে কাল—A goodly apple is often rotten at the core.

মাছ ধরিতে গেলেই কাদা মাখিতে হয়—If you will enjoy the fire you must put up with the smoke.

মাছের মার পুত্রশোক—Crocodile tears.

মাথার উপর খাঁড়া ঝুলছে—Damocles' sword hanging overhead.

মাথার ঘাম পায়ে পড়া—To earn one's bread with the sweat of one's brow.

মাথা মুণ্ড—Cross or pile ; head or tail.

মানুষ ভ্রমের দাস— To err is human.

মানুষে গড়ে বিধাতায় ভাঙ্গে
মানুষে করে আশা যা করে জগদম্বা } —Man proposeth God disposeth.

মান্ধাতার আমল—Ante-deluvian age.

মারা তীর ফেরেনা—The stone gone out of hand cannot be recalled; what has been done cannot be undone.

মিছরির টুকরাও ভাল মুড়ির আড়িও কিছু নয়—An ounce of a good thing is better than a ton of a bad thing.

মিছে কথা ছেঁচা জল কতক্ষণ রয়—A lie cannot last long; a lie has short legs ; a lie has no legs.

মিছে কাজে কাটনা কামাই—Idling away time; killing time.

মিছে কথায় পেট ভরেনা—Bare words butter no parsnips.

মিষ্ট কথায় রাগ পালায়—A soft answer turns away wrath.

মুখ ত নয় যেন মেছুনির মুখ—He is no better than a Billingsgate fish-fag.

মুখ তেত হলে সবই তেত—With gall on the tongue nothing is sweet.

মুখ দেখে মন চেনা—The face reflects the mind; the face is the index of the mind.

মুখে শুয়ো দিয়ে আছে—He has an ox on his tongue.

মুখে হাসি মন ভাঙ্গা—Many a smiling face conceals a broken heart.

মুখে মধু হৃদে ক্ষুর, সেই ত বিষম ক্রূর—A honey tongue a heart of gall.

মুখে মধু হৃদে খল—God in his tongue and the Devil in his heart.

মুনীনাঞ্চ মতিভ্রমঃ—A good workman may miss; the great Homer himself sometimes nods.

মূর্খস্য লাঠ্যৌষধম্—Reason governs the wise man and cudgels the fool; a nod for a wise man and a rod for a fool.

মূলে মাদুরি নাই, উত্তর শিয়র—A beggar can never be a bankrupt.

মৃণালেও কণ্টক—Every rose hath its thorn.

মেও ধরে কে?—Who will bell the cat?

মেকি টাকার ঘন নিশান—*What a goodly outside false-hood hath!*

মেজে ঘষে কর ক্ষয়, কাল কভু ধল নয়—Black will take no other hue.

মেরে তুলা ধোনা করা—Beat into a jelly; beaten into a mummy.

মোগল পাঠান হদ্দ হল, পারসী পড়ে তাঁতী—Fools rush in where angels fear to tread.

মৌনং সম্মতি লক্ষণম্—Silence proves consent.

মৌমাছির মত ভন্ ভন্ করা—Incessantly harping on a thing.

——:++:——

য

যক্ষের ধন পেয়েছ—You have found Fortunatus' purse.

যখনকার যা তখনকার তা—Everything has its time.

যত কর তাড়াতাড়ি ততই হবে দেরী—The more haste the worse speed.

যত বলে তত নয়—He says more than he means.

যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ—*Dum spiro dum spero.*

যত গর্জ্জে তত বর্ষে না—Much cry but little wool.

যত ধন তত চিন্তা—Great wealth great care.

যতন নহিলে কোথা মিলয়ে রতন—Nothing venture nothing gain; no cross no crown; no pains no gains; work not have not; nothing risk nothing win.

যত পায় তত খায়—The more he gets the more he wants.

যত খাই তত নাই—Waste not want not.

যত সয় তত বয়—All lay load on the willing back.

যত হাসি তত কান্না বলে গেছে রাম সন্না (শর্ম্মা)—Joy surfeited turns to sorrow; the sweetest wine makes the tartest vinegar; he who laughs on Friday shall weep on Sunday.

যতো ধর্ম্ম স্ততো জয়ঃ—Virtue will triumph; truth will triumph.

যত্র আয় তত্র ব্যয়—Living from hand to mouth.

যথা ধর্ম্ম তথা জয় পাপ কর্‌লে ভুগ্‌তে হয়—Virtue will triumph over vice.

যদি আছে কাজ ত সকাল সকাল সাজ—Make hay while the sun shines.

যদি হয় সুজন, এক ঘরে নয় জন
যদি হয় কুজন নয় ঘরে একজন
যদি হয় সুজন তেঁতুল পাতায় দুজন
—Ten dervishes under one blanket, but no kingdom covers more than one king.

যদি হয় ভাল পুত তবে হয় মায়ের সুখ—The faithful boy his mother's joy.

যমের কাছে ছোট বড় বিচার নাই—Death is the grand leveller.

যস্মিন্ দেশে যদাচারঃ—Do at Rome as Rome does; never *wear a brown hat in Friesland.*

যাকে রাখ সেই রাখে—Keep thy shop and thy shop will keep thee.

যাক প্রাণ থাক মান—Honour above life.

যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী—As you have sown so must you reap.

যা রটে তার কিছু বটে—There is no smoke without fire.

যাবৎ জীবন তাবৎ আশা
যাবৎ শ্বাস তাবৎ চিকিৎসা } —*Dum spiro dum spero.*

যার কাজ তারে সাজে অন্যলোকে লাঠী বাজে—Your own shoe will not pinch you like that of another man's; every shoe fits not every foot; let the cobbler stick to his last; let not the cobbler overstep his last.

যার কেহ নাই তার হরি আছে—God's mercy, our refuge; the lonely to the Only.

যার যখন কপাল ফেরে তখন ধূলো মুটো
ফেলে ত কড়ি মুটো হয় } —Whom God loves his bitch brings forth pigs.

যার ছেলে কুমীরে খায় সে ঢেঁকি দেখলে ডরায়—The burnt child dreads the fire.

যার ছেলে যত খায় তার ছেলে তত চায়—*Plenty* is the father of want ; the more they have the more they want.

যার ভাল দেখি তার আঁস্তাকুড়ও ভাল—Love me, love my dog.

যার ভাত নাই তার জাত নাই—Money makes worth.

যার যেখানে ব্যথা তার সেখানে হাত—The wearer knows where the shoe pinches.

যার যত সময় তার তত কাজ—He that has most time has none to lose.

যার যত খাঁই তার তত নাই—He lacks most that longs most.

যার যেমন মতি তার তেমনি গতি—One gets after his deserts.

যার দুঃখ সেই জানে—The wearer best knows where the shoe pinches.

যার নাম ভাজা চাল তার নাম মুড়ি—A man's shoe and a horse's shoe are both alike.

যার সঙ্গে যার ভবিতব্য—Marriage and hanging go by destiny.

যার যেমন মন তার তেমন ধন—One gets after his deserts.

যার যে রীত ছাড়ে কদাচিৎ—Habit is second nature.

যার সঙ্গে যার মজে মন কিবা হাড়ি কিবা ডোম—Love is blind; love levels all inequalities.

যার যত খাঁই তার তত নাই—He that longs most lacks most.

যারে দেখতে নারি তার চলন বেঁকা—Faults are thick where love is thin.

যুদ্ধের পর সিপাই হাজির—After death the doctor.

যে কথা রটে সে কথা বটে—There is no smoke without fire.

যে কথা সেই কাজ—As good as his word.

যে কথা সেই কিরে—True to his word.

যে করে দুঃখভোগ সে করে সুখসম্ভোগ—Sweet are the fruits of adversity.

যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়—Harm watch harm catch.

যেখানে বাসনা রথ সেখানে সিদ্ধির পথ—Where there's a will there's a way.

যেখানকার যা সেখানকার তা—Have a place for everything and everything in its place.

যেখানে যেমন সেখানে তেমন—Do in Rome as Rome does; do not wear a brown hat in Friesland.

যেই ডাল ধরে সেই ডাল ভাঙ্গে
যে ডালে বসে সেই ডাল কাটে
—The fool cuts himself with his own knife; a fool kills the goose which lays the golden eggs.

যেখানে বৃক্ষ নাই সেখানে এরণ্ডই বড় বৃক্ষ—Among the people Scoggin is a doctor.

যে পাতে খায় সেই পাত ছিঁড়ে
যে পাতে খায় সেই পাতে হাগে } —Never cast dirt into the fountain from which you have sometimes drunk.

যেমন কর্ম্ম তেমনি ফল
যেমন কুকুর তেমনি মুগুর } —Measure for measure.

যেমন গুরু তেমনি চেলা—Like sheep like shepherd.

যেমন কাল তেমনি লোক—Men are as the time is.

যেমন চাও তেমনি দাও—Do as you would be done by.

যেমন দেবে তেমনি পাবে—With what measure you mete, it shall be measured to you again.

যেমন দেব তেমনি বাহন—Like master like man.

যেমন দেবা তেমনি দেবী—Like husband like wife; a good Jack makes a good Jill.

যেমন বুনো ওল তেমনি বাঘা তেঁতুল—Desperate cuts must have desperate cures.

যেমন মতি তেমনি গতি—One gets after his deserts.

যেমন মা তেমনি ছা—As the crow is so the egg will be; like mother like daughter; like father like son.

যেমন শরা তেমনি হাঁড়ি (গড়ে রেখেছে কুমোর বাড়ি)—As the blow is so is the clapper.

যেমন অবস্থা তেমনি পূজা—Dirty troughs will serve dirty sows.

যে মূলটা বাড়ে তার এক পাতায় চেনা যায়— A tree is known by its fruit.

যে যত জানে সে তত কম কথা কয়—Who knows most says least.

যে সয় সে রয়—All lay load on the willing back.

——:০:——

র

রণমুখ সিপাই—He is on the warpath.

রথ দেখাও হয় কলা বেচাও হয়—To kill two birds with one stone.

রসাতলে দেওয়া—To send a thing to the dogs.

রসুন বলেন কাঁচকলা ভাই তোমার বড় খোসা—The pot calls the kettle " blackface."

রাই কুড়িয়ে বেল—Many a little makes a muckle.

রাঁড়ের পুঁজি—The widow's mite.

রাখে হরি (বা কৃষ্ণ) মারে কে
মারে হরি রাখে কে } —What God will no frost can kill ; none can kill unless God will.

রাগ না চণ্ডী—Anger is temporary madness.

রাঙ্গা মূল—All is not gold that glitters.

রাধাও নাচবে না এক মণ তেলও পুড়বে না—If the sky fall we shall catch larks.

রামে মারলেও মারবে রাবণে মারলেও মারবে—To be between the Devil and the deep sea.

(রুক্ষ মাথায় তেল দেয় না) তেলা মাথায় তেল—To carry coal to Newcastle.

রূপে মারি লাথি গুণে ধরি ছাতি—Handsome is that handsome does.

রোগী এখন তখন ঔষধ ছয় মাসের পথ—After death the doctor.

রোদ হয় বৃষ্টি হয় খেঁকশেয়ালীর বিয়ে হয়—The Devil is beating his mother.

——:o:——

ল

লঙ্কা কিনিতে লঙ্কায় যাওয়া—To send to the East Indies for Kentish pippins.

লক্ষ্মীর পো ভিক্ষা মাগে—You dwell beside a countless store, yet perish hungry at the door.

লাখ টাকায় বামুন ভিখারী—The sea complains it wants water.

লাখ কথার উপর এক কথা—A word spoken in season, how good it is.

লাগে তীর না লাগে তাক্—At a venture.

লোকে মানে না আপনি মোড়ল—A self-styled leader.

লোভই সকল দুঃখের মূল—Avarice is the root of misery.

লোভে পাপ পাপে মৃত্যু—Avarice begets sin and sin begets death.

—:co:—

শ

শক্তের ভক্ত নরমের যম—A tiger to the weak a lamb to the strong.

শঠে শাঠ্যং সমাচরেৎ—With foxes we must play the fox.

শনৈঃ পর্ব্বতলঙ্ঘনম্—Patience and perseverance overcomes mountain.

শরীরের নাম মহাশয় যা সহাও তাই সয়—Habit is second nature; nature is a kind of school master and custom a magistrate.

শাঁখের করাত আসতে কাটে যেতে কাটে—A two-edged sword which cuts both ways.

শাক থেকে অম্বল—From the eggs to the apples.

শাপে বর হল—Out of evil cometh good.

শিঙ্গা ফোঁকা—To give up the ghost.

শুকনা ঘা উসকে তুল না—Do not rake up old grievances.

শুঁড়ীর সাক্ষী মাতাল—Interested witnesses should be distrusted.

শুধু মিঠা কথায় পেট ভরেনা—Sweet words butter no parsnips.

শুনবে দশ কানে কথা কবে শুনে—Quick to hear slow to speak.

শুভস্য শীঘ্রং—The sooner the better—delay is a fetter.

শুয়োরে গোঁ—The obstinacy of a boar.

শুয়োরের মত ঘুমুচ্চে—Driving pig to the market.

শূন্য গোয়াল ভাল, তবু দুষ্ট গরু ভাল নয়—Better an empty house than bad tenants.

শেয়ান পাগল—There is method in his madness.

শেষ সুখই সুখ—All's well that ends well.

শেষ হাসিই ভাল—Those laugh best who laugh last.

শোকে সাগর উথলে—Out of the abundance of the heart the mouth speaketh.

শ্যাম রাখি কি কুল রাখি—To be on the horns of a dilemma.

———:০:———

ষ

ষাঁড়ে ষাঁড়ে—When Greek meets Greek then is the tug of war.

ষোল কড়াই কাণা—All his swans are turned to geese.

—:০:—

স

সংসারে সুখ নাই—There is no happiness on this side of the grave.

সংসার কণ্টকময়—Life is a road beset with thorns.

সকল দিন যায় হালে ফেলে সন্ধ্যা বেলায় বৌ কাপাস ডালে—At evening the sluggard is busy.

সকলেই আপন কোলে টানে—Every one tries to feather his own nest.

সঙ্গ দেখে লোক চেনা—A man is known by the company he keeps.

সতীনের বাটীতে গু গুলে খাওয়া—To cut off one's nose to spite one's face.

সত্য কথার ডালপালা নাই—Truth is always plain.

সত্য মিথ্যাপেক্ষা আশ্চর্য্য—Truth is stranger than fiction.

সত্যের জয় সর্ব্বত্র—Truth will triumph; truth conquers all things.

সত্যের পথেই কণ্টক—Truth and roses have thorns about them.

সত্যের মার নাই—Truth may languish but can never perish.

সত্যের দ্বারে আগড় নাই—Truth has nothing to conceal,

সত্যই সৎনীতি—Honesty is the best policy.

সত্যের বাড়া ধর্ম্ম নাই—Truth is the best religion.

সৎ সঙ্গে কাশীবাস—Good company is heaven on earth.

সন্নিপাতের তৃষ্ণা—Feverish unquenchable thirst.

সব কাঠেই জগন্নাথ গড়েনা—You cannot make a Mercury of every log.

সব যাওয়ার চেয়ে কিছু থাকা ভাল—Lose a leg rather than life.

সব তেলই আগুনে পড়িয়াছে—All fat is in the fire.

সবুরে মেওয়া ফলে—Bitter is patience, but its fruits are sweet; a slow fire makes sweet malt.

সময় কাহারও হাত ধরা নয়—Time and tide wait for no man; time stays not at the fool's leisure.

সময় গেলে আর ফেরে না—Time once lost never returns; lost time is never found again.

সময়ে এক ফোঁড় অসময়ে দশ ফোঁড়—A stitch in time saves nine.

সময়ে না দেয় চাষ তার দুঃখ বারমাস—Seed sown out of season never thrives; he must suffer who does not make hay while the sun shines.

সময় থাকতে কর কাজ—Take time when time is—for time will away; take time by the forelock.

সময়ে এক কথা অসময়ে দশ কথা—A word before is worth two behind; a little fore-talk may save much after-talk.

সময়ে হয় শোকনাশ—Time cures sorrow.

সময়ে সব বন্ধু হয় অসময়ে কেহ নয়—Prosperity makes friends, adversity tries them.

সময়ের গুণে যা হয় বলে তা হয় না—The crutch of time does more than the club of Hercules.

সময় জানাইয়া যায় না—Time is a file that wears and makes no noise.

সমুদ্রে পাদ্য অর্ঘ্য—A drop in the ocean.

সমুদ্রে শয্যা যার শিশিরে কি ভয় তার—The anvil fears no blows.

সুমুখ দিয়ে কাণা কড়ি গলে না
পিছন দিয়ে হাতীও গলে —Penny wise pound foolish.

সর্ব্বমত্যন্তংগর্হিতম্—Too much even of a good thing is bad.

সর্ব্বাঙ্গে ঘা ঔষধ দিবে কোথা—A rotten cane abides no handling.

সস্তার তিন অবস্থা—Cheap is dear in the long run.

স্বভাব যায় মলে ইল্লৎ যায় ধুলে
স্বভাবো মূর্দ্ধ্নি বর্ত্ততে —What is bred in the bone won't out of the flesh.

সাক্ষী গোপাল—A puppet; a figure-head.

সাজতে গুজতে দোল ফুরাল—You come a day after the fair.

সাত ঘাটের জল এক ঘাটে করা—To move heaven and earth.

সাত সমুদ্র পার হয়ে এসে পালার জলে ডুবে মরা—He came safe from the East Indies and was drowned in the Thames.

সাত নকলে আসল খাস্ত—Two wrongs never made a right.

সাত নাড়া চাড়ায় গৃহস্থ নষ্ট—Plants too often removed will not thrive ; the rolling stone gathers no moss.

সাত পাঁচ ভেবে কর্ম্ম করা—To think twice before acting

সাদার উপর্ কালার দাগ—In black and white.

সাধিলেই সিদ্ধি অর্জ্জিলেই নিধি—See and you will find.

সাধিলে জামাই খায়না না সাধিলে পায় না—First refuse and lose for ever.

সাধুসঙ্গে সাধু হয়—Good company makes one good.

সাপ হয়ে কাটে রোজা হয়ে ঝাড়ে—He covers one with his wings and bites one with his bill.

সাপে নেউলে বন্ধুত্ব—They live a cat and dog life.

সুখ উথলে উঠেছে—My cup runneth over.

সুখের চেয়ে স্বস্তি ভাল—Health is better than wealth.

সুখের দিন দেখতে দেখতে যায় দুঃখের দিন কাটে না—A day of sorrow is longer than a month of joy.

সুখের পায়রা—Pleasure-hunter ; pleasure-seeker.

সুধু কথায় চিড়ে ভিজেনা—Fair words butter no parsnips.

সূর্য্য পশ্চিমে উঠলে—Till the ass ascends the ladder.

সুধু মেঘে মাটি ভিজে না—Bare words buy no barley.

সুধু কথায় পেট ভরে না—Fair words won't feed a cat ; promises don't fill the belly.

সেই এক দিন আর এই এক দিন—That day and this.

সেকরার ঠুকঠাক কামারের এক ঘা—Little sticks kindle a fire but great ones put it out.

সেয়ানা চোর নিজের পাড়ায় চুরি করে না—A wise fox will never rob his neighbour's henroost.

সে রামও নাই সে অযোধ্যাও নাই—O Tempora! O Mores!

সোজা আঙ্গুলে ঘি বেরোয় না—Knotty timber requires sharp wedges.

সোনাতেও খাদ—Even a guinea has its portion of alloy.

সোনার চেয়ে জ্ঞান ভাল—Knowledge is better than gold.

সোনা হতে হরি—Better God than gold.

সোনার বদলে কাচ—Will you take eggs for your money?

স্ত্রীলোকের পেটে কথা থাকে না—A woman can't keep a secret.

স্ত্রীলোকের লজ্জাই ভূষণ—The ornament of a woman is her modesty.

—:++:—

হ

হয় না হয় দুবার যায় তার কড়ি না বদ্দিতে খায়—Keep the bowels open and a fig for the physician.

হরিহর আত্মা—Hand and glove with each other.

হরি বাঁচায় বদ্দির নাম—God heals and we thank the doctor.

হর্ত্তা কর্ত্তা বিধাতা—*Almighty autocrat.*

হাত চুলকাইতেছে—His palm is itching.

হাঁক ডাকই সার—A barking dog never bites.

হাত দিয়ে কি হাতী ঠেলা—The tree does not fall at the first stroke.

হাত দিয়ে জল সয়ে না—He is a close-fisted man.

হাত ধুয়ে খালাস—To wash one's hands of a thing.

হাতী কাদায় পড়লে ভেকেও লাথী মারে If a man once

falls all will tread on him; little birds may peck a dead lion.

হাতী গলে ত ছুচ গলে না—Strain at a gnat, but swallow a camel.

হাতে মাথা কাটা—To cut down Falkland wood with a penknife.

হাবাতের ঘটি হল জল খেতে খেতে প্রাণ গেল—Give the beggar a horse and he will ride it to death.

হাল ছেড় না—Stand to your gun.

হেলে ধরতে পারে না কেউটে ধরতে যায়—He that can't ride a gentle horse must not attempt to back a mad colt.

হেসে হেসে কথা কয় এ মিনসে কি পেয়াদা নয়—To smile and smile and be a villain.

হেসে খেলে কাটাই দিন—Grin and bear it.

(আমার) হাঁড়ি চড়ান—I have eggs on the spit.

PART II.

BENGALI PROVERBS

TRANSLATED INTO ENGLISH.

—:++O++:—

অ

অকালে কি না খায়—Necessity makes no choice of food.

অকালের তাল বড় মিষ্ট—A thing out of season tastes the sweetest.

অজ্ঞানে করে পাপ জ্ঞান হলে হরে
সজ্ঞানে করে পাপ সঙ্গে সঙ্গে ফিরে —It is knowledge of sin that makes sin, a sin committed in ignorance is expiated.

অজ্ঞানে বাপান্ত করে জ্ঞানবানে কি তাই ধরে—The wise laugh when fools malign.

অতি বড় ঘরণী না পায় ঘর, অতি বড় সুন্দরী না পায় বর—The expertest housewife finds no household to her liking, and the handsomest girl is too good for a husband.

অতি মন্থনে বিষ উঠে—Too much straining breaks the cord.

অধিকন্তু ন দোষায়—The more the better.

অনভ্যাসের ফোঁটা কপাল চড় চড় করে—It suits one ill what goes against his grain.

অনেক খাবে ত অল্প খাও—Gluttony is fasting in the long run.

অন্ধ জাগো না কিবা রাত্র কিবা দিন—Light and darkness are all the same to the blind.

অন্ন চিন্তা চমৎকারা ঘরে ভাত নাই জীয়ন্তে মরা—The bread problem is the greatest problem in the world and poverty is worse than death.

অন্ন দেখে দিবে ঘি পাত্র দেখে দিবে ঝি—Butter your bread and find a good husband for your daughter.

অন্য লোকে ভুরা দেয়, ভাগো আমি চিনি—They try to cheat me, but I know them well.

অবাক্ কল্লি ভবি অম্বলে দিলি আদা—How foolish to spice tart with ginger!

অবোলা বলে বড়—Silent eloquence speaks the loudest.

অভাগা যদি যায় সাগর শুকায়ে যায়—Even the ocean dries up at the sight of the unlucky.

অভাগার নাই যম—Even death does not come to the relief of the unfortunate.

অভিমানী সুয়ো নেটী পেটী দুয়ো—The favourite wife is always petulant while the neglected one is always in misery.

অমাবস্যার চাঁদ—As dark as the new moon.

অমাবস্যার প্রদীপ টিপ টিপ করে—The lamp burns dim in the new moon.

অমৃতে অরুচি কার—Nectar is never distasteful.

অরাঁধুনীর হাতে পড়ে রুই মাচ কাঁদে—A bad workman bungles even with the best materials.

অলক্ষীর দ্বিগুণ ক্ষুধা—Poverty is greedy.

অলভ্যের বাণিজ্য কচকচি সার—A losing concern is a source not of gain but of worry.

অশ্বথামা হত ইতি গজঃ—Half-hearted and roundabout truth.

অশ্বথের ছায়াই ছায়া—The shade of *asuth* is the best shade.

অসারে জলসার—Hoping against hope.

আ

আউশ ধানের চাষ লাগে তিন মাস—It takes only three months to grow the *aus* crop, *i. e.* the coarsest thing is the soonest made.

আউশ ফুরালে আমন—After *aus aman*; one thing after another.

আঁকে কেটে ব্রহ্মত্তর—The gift of a (Brahmattar) land on paper.

আঁটি চোষা—To eat the husk.

আঁটনি কর্ষনি সার—The barking dog never bites.

আঁত পাওয়া ভার—It is impossible to gauge his mind.

আঁতুর আগলান—To keep a constant watch; to dance a constant attendance.

আঁতে তেত দাঁতে নুন, পেট ভরে তিন কোন
এবেলা ওবেলা শৌচে যায়,
তার কড়ি কি বৈদ্যে পায়
—He never has to pay a doctor who eats moderately, tastes something

bitter regularly and cleanses his teeth with salt, and whose bowels move twice every day.

অাঁধার ঘরের মাণিক—The jewel or ornament of the family.

অাঁধার ঘরের সাপ সকল ঘরে—A serpent found in a dark room is suspected to be in all rooms. *ie* a danger of which we do not know the cause is suspected to be all-besetting.

অাঁস্তাকুড়ের পাতা স্বর্গে যায় না—They do never rise whose origin is mean.

আক চেয়ে কি সুন্দর মিষ্টি—Is beauty sweeter than sweet?

আকন্দে যদি মধু পাই, তবে কেন পর্ব্বতে যাই—If we get honey in *akanda* why should we go to the hill? *ie* if we get what we want at home why should we go abroad?

আকাশে গ্রহণ লাগলে সকলে দেখে—The eclipse is seen by all; *ie* the fall of the great attracts universal attention.

আগে দাও কড়ি তবে দিব বড়ি—Give and take.

আগে হাঁটে, পাঁঠা কাটে, প্রদীপ উসকায়,
দই বাটে, ভাণ্ডারী, কাণ্ডারি, রাধুনী বামন,
যশ না পায় এই সাতজন —The follow-

-ing are thankless occupations:—going ahead of a party, beheading goats, distributing *dadhi* or curd, trimming a lamp; the helmsman and the cook are never praised.

আছে বলদ না বয় হাল, তার দুঃখ সর্ব্ব কাল—He who has cattle but will never yoke them to the plough is never likely to prosper.

আছে যথেষ্ট নাই অদৃষ্ট—He has all but luck.

আটে পিটে দড় তবে ঘোড়ার উপর চড়—None but a hardy and clever fellow should ride a horse.

আতি চোর পাতি চোর হতে হতে সিঁদেল চোর—Experience is the best teacher even in evil-doing.

আদরে ভোজন কি করে ব্যঞ্জন—Love is the best sauce in a dinner.

আদার ব্যাপারির জাহাজের খবর কেন?—Poor mortals should not trouble their heads about things transcendental; *literally*, a ginger merchant should not trouble himself about a ship.

আদা শুকালে ঝাল যায় না—Even dried ginger tastes bitter; *ie* a man can never change his nature.

আদি কইলে মানুষ রুষ্ট—Nothing offends a man 'ike truth about himself.

আদুরে গোপাল—A spoiled child.

আর সতীন নাড়ে চাড়ে বুন সতীন পুড়িয়ে মারে —Woe to one whose sister is her rival in love.

আপন ঘরে সবাই রাজা—A man is an autocrat in his own family.

আপন পাঁজি পরকে দিয়ে দৈবজ্ঞ বেড়ায় মাথায় হাত দিয়ে —Don't let charity reduce you to beggary.

আপন পাগল বেঁধে রাখি পরের পাগল হাত তালি দি —One keeps a proper watch over a lunatic in his own family, but jests at a lunatic in another man's family: *i.e.* a man conceals his own faults, but holds up another's faults to ridicule.

আপন বুদ্ধি ফকির হই, পরের বুদ্ধি বাদসা নই—One must not be guided by another man's intelligence; let him follow his own intelligence even should that lead him to poverty.

আপন ভাল পাগলেও বুঝে—Even a mad man knows his own interest.

আপনার আপনি ডোর আর কোপনি—One who has renounced all is truly free.

আপনার ছেলেটি খায় এতটী, বেড়ায় যেন লাটিমটী
পরের ছেলেটা খায় এতটা, বেড়ায় যেন বাঁদরটা —The ugliest child is beautiful in its mother's eye.

আপনার মান আপনার হাতে—A man's honour is in his own keeping.

আপন হাত জগন্নাথ—A man is most liberal in his own case.

আপনি বড় ভাল তাই লোককে বলে কাল—The pot calls the kettle "black-face."

আপনি নোঙ্গাই পরকে ভেঙ্গাই—The lame jests at a lame man.

আমড়া কাঠের ঢেঁকি—An empty thing loudly rings.

আমড়া তলায় আম পেলে আমতলায় কে যায়—If one gets gold at home why should he go abroad?

আম না পেয়ে আঁটি চুষা—To eat husk in the absence of corn.

আমিও ফকীর হলাম দেশেও অকাল হল—I turned a beggar and, as ill luck would have it, there was a famine in the land (putting a stop to alms-giving.)

আমি কি নাচতে জানিনে, মাজার ব্যথায় পারিনে—I know how to dance, but my waist aches.

আমি নই রাঁড়ি ভুঁড়ি আমার পাঁচ খানা কাপড় ধোবার বাড়ি—I am a man of no little importance, I have five pieces of cloth with the washerman.

আমে ধান তেঁতুলে বান—An excellent mango crop is followed by a bumper rice crop and a bumper tamarind crop is followed by inundation.

আর কি নেড়া বেল তলায় যায়—The burnt child will never go near fire again.

আরশুলা আক্কার পাখী—The insect is not a bird even should it have wings.

আশা আর ফু আছে দুধ আর বাটী নাই—Hope empty hope!

আশা করেছেন কাও পাকলে খাবেন ডেও—Counting chickens before they are hatched.

আশ্বিন মাসে কুড়ে পাঠায়ও কড়ি—It is the demand which determines the price of a thing.

আশায় জল সেঁচা—Hoping against hope.

আশার অর্দ্ধেক ফল—A partial fulfilment of hope.

আসর ঘরে মশাল নাই ঢেঁকশালে চাঁদোয়া—Every thing in the wrong place.

আসলের খোঁজ নাই স্থদের খবর—It is rather preposterous to care more for the interest than for the principal.

আসন্ন কালে বিপরীত বুদ্ধি—Reason perverted at the moment of crisis.

আস্কে খাও ফোড় শুননা—You eat bread, but don't care to enquire what it costs.

আহার নিদ্রা ভয় যত বাড়াও তত হয়—Hunger, sleep and fear can be indefinitely increased.

—:o:—

ইটে নাই ভিটে নাই বাহিরে মর্দ্দানি—A hollow and empty boast ; an empty stomach but sounding brag.

ইতরের মরণ কাতরে ডাইনের মরণ চাতরে—The evil-doers must have a sorry end.

ইতো ভ্রষ্ট স্ততো নষ্টঃ—Both sides are lost to him.

—:o:—

উ

উই, ইন্দুর, কুজন, ভাল ভাঙ্গে তিনজন,
সুচ, সুতা, সুজন, ভাল করেন তিন জন —The rat, the moth and the evil-doers, these three destroy; the needle, the thread and the good man, these three mend.

উচাঁন বাড়ী বড় ভয়, পড়লে বাড়ী সয়ে যায়—A danger is feared so long as it does not come; but once come one becomes accustomed to it.

উচিত কথায় আহাম্মক রুষ্ট—Nothing offends the fool as truth.

উচ্ছের কচি, পটলের বিচি
ছাগের ছাঁ মাছের মা —*Uchchhe* is good when green, *patal* when ripe; the young goat gives us delicious meat and fish when grown.

উঠান সমুদ্র—To an idle home-staying man the house compound is as impassable as the sea.

উদর চিরলে ক বেরয় না—Rip his stomach open and you will find not even A. B, C. therein *i.e.* he is innocent even of the alphabet.

উদরসর্ব্বস্ব —A man of greed.

উদখলে খুদ নাই, চাটগায় বরাত—He has a large mouth, but a small girdle.

উঁদে মাছ ধরে খটাশে তিন ভাগ করে—Clever men feast at the cost of the fools.

উপরোধে ঢেঁকি গেলা—To do a most uncongenial work at the request of another.

উপোস করলে যাবে দিন ধার করলে হবে ঋন—Better fast than run into debt.

উবুড়হস্ত হয় না—He never pays his debt.

উলুবনে সাঁতার দেওয়া—Groping in the dark; *literally* swimming in a field of *ulu* grass.

উসকো বা নরম মাটীতে বেড়ালে হাগে—The cat eases itself on the soft soil, *ie* Good and honest men are generally ill treated by bad men.

উহার আজও গোড়িম ভাঙ্গে নাই—He is not yet out of his swaddling cloth.

ঊ

ঊন পাঁজুরে লক্ষ্মীছাড়া—A seedy needy spendthrift.

ঊন বর্ষায় দুন শীত—The less the rains the keener the cold in winter.

ঊন ভাতে দুন বল, ভরা ভাতে রসাতল—Half a meal has given him great strength, a full meal will make him shake the world to its foundation.

—:++O++:—

এ

এই বিড়াল বনে গেলে বনবিড়াল হয়—Let a domesticated cat go to wood and he will no longer remain docile.

এই মানুষ বনে গেলে বনমানুষ হয়—Let a man be brought up a savage and he will be a savage.

এঁটে ধরলে চিঁচিঁ করে, ছেড়ে দিলে লঙ্কা মারে—Treat him

with indulgence and he will rant and bluster, treat him with severity and he will act with meekness.

এঁটো খায় মিঠার লোভে, যদি এঁটো মিঠা লাগে—The leavings of another never taste sweet.

এঁটো পাতার ধূঁয়া স্বর্গে যায় না—They can never be great whose origin is low.

এক ওয়াকিবহাল আর সাত নবিসিন্দা—An experienced worker is better than half a dozen novices.

এক কান কাটা শহরের বার দে যায়
দুই কান কাটা শহরের ভিতর দে যায়—The shameless have no fear of public opinion.

এক গাঁয়ে ঢেঁকি পড়ে অন্য গাঁয়ে মাথা ব্যথা—*Lit.* the sound of the flail in one village and headache in another.

এক গাছের ছাল অন্য গাছে জোড়া লাগে না—The skin of one man does not fit unto another.

একগুণ ছেলের তিনগুণ বিক্রম—The boy is stronger than his years.

একচির পান দুই চির হল সোণার
সিংহাসনে ভাগ বসিল—A hair-splitting division of property.

একটি ক্ষুদ্র রাক্ষস—A voracious eater.

এক ঠোকরে মাছ বেঁধে না সেই বা কেমন বড়শী
এক ডাকেতে সাড়া দেয়না, সেই বা কেমন পড়শী —The hook which does not catch the fish at one nibble is a bad hook, a neighbour who does not readily respond to a call for help is not a good neighbour.

এক দ্বার বন্ধ হাজার দ্বার খোলা—One door closed, a thousand doors open.

এক নদী বিশ ক্রোশ—To cross a river is as difficult and tiresome as to walk forty miles.

এক পয়সা নাই থলিতে, লাফিয়ে বেড়ায় গলিতে—Great boast, but little roast.

এক পাঁঠা তিন বার কাটা—Repetition of the same thing over and over again.

এক পাগলে রক্ষা নাই, সাত পাগলে মেলা—A company of fools is a great curse.

এক পুতের আশা, আর নদীতীরে বাসা—One cannot sanguinely count upon an only son just as one living by the river cannot be sure of his safety.

এক ভস্ম আর ছার, দোষ গুণ কব কার—Both are equally bad.

এক মাঘে শীত যায় না—One Magh (January) does not see the end of winter *ie* it is a bad policy to be lulled into false security.

এক মাণিক সাত রাজার ধন—A single *manik* (diamond) is as precious as the whole wealth of a king.

এক মায়ের এক পুত, খায় দায় যমের দূত—The only son of a parent is a privileged favourite.

এক মুরগী কবার জবাই—Repetition of the same thing over and over again.

একা ঘরের একা ভাই খেতে বড় সুখ,
মরতে গেলে ধরতে নাই তাই বড় দুখ } —Selfish isolation may be a good thing in calm weather, but is a bad thing in stormy weather.

এক সূর্য্যে ধান শুকিয়ে খাওয়া—To attempt the impossible task of drying paddy in one day and forth with prepare the rice.

একা রামে রক্ষা নাই, দোসর লক্ষ্মণ
একা রামে রক্ষা নাই তার সঙ্গে হনুমান্ } —One is more than unbearable, two are much more so.

একেন পাপ শতেন পাপ—One crime is as bad as a hundred crimes.

এগুনে দর্শন ভারী, পশ্চাতে গুণ বিচারি—People judge one

first by his appearance and then by his worth.

এড়ে দিয়ে তেড়ে ধরা—To pursue an object which has been given up.

এত যদি সুখ তোর কপালে তবে কেন তোর কাঁথা বগলে—If you are so well off why are you going about in rags?

এত সূক্ষ্ম যে নাই বলিলেও হয়—So fine as to be almost non-existent.

এমনি যায় না মাস, আবার দুই দিন বেশী—When one finds it difficult to pass a month of thirty days, how can one pass it when it is too long by two days?

এলো শ্রাদ্ধের শুঁতো দক্ষিণা—Like work like reward; punishment is the wages of sin.

—:++:—

ও

ওঝার ঘাড়ে বোঝা—The cleverest man outwitted.

ওঠ ছুঁড়ি তোর বিয়ে—It is the unexpected that happens.

ওল কচু মান তিনই সমান—*Ol, Kachu* and *Man*, all the three are equally bad.

ওল খেয়ে গোল করা—To noise about one's own fault

—:o:—

ঔষধার্থে সুরাপান—Use of wine as a medicine.

কচি খুকী, কুলায় শুয়ে তুলায় দুধ খান—She pretends to be as delicate and tender as a child in her swaddling cloth.

কচু পোড়া খাওয়া—To eat burnt *Kachu i.e* some thing detestable.

কচু বনের কালা চাঁদ—Kalachand of *Kuchu* forest *ie* an insignificant person in insignificant surroundings.

কচুর বেটা ঘেঁচু বড় বাড়েন ত মান—Great men do not come out of meanness.

কড়ি দিয়া কাণা গরু কেনা—To buy a blind cow with

money *ie* to pay a handsome price for a nasty article.

কড়ি দিয়ে ছোট নদী পার হওয়া—To pay ferry hire for crossing a small river *i.e.* to pay for a superfluous and unnecessary article.

কড়ি ধুয়ে কড়ির জল দেয় না—He is a close-fisted miser, he does not even pay one the washings of money.

কড়ির মাথায় বুড়ার বিয়ে—Money makes an old man marry.

কড়ি লবে গুণে, পথ চলবে জেনে—Count money before you take it. Don't walk in the dark.

(কতই বা দেখবো আর) ছুঁচোর গলায় চন্দ্রহার—A Golden girdle round the neck of a mole, *i e.* the strangest and the ugliest thing in the world.

কতই সাধ হয় চিতে ফোগলা দাঁতে মিসি দিতে—To adorn a toothless mouth with *mishi, i.e.* to attempt the doing of something impracticable.

কত ধানে কত চাল জান না—You have no idea of the consequences of things.

কত ভাত কে দুধ দিয়া খায়—Let us see who of us attains success.

কপাল ছাড়া পথ নাই—Luck is almighty.

কপালে নাইক ঘি ঠক ঠকালে হবে কি
কপালের এমনি ফের, যাব বিয়ে কর্ত্তে
না কাটি শঙ্কর ঘোষের খেড়
—When luck is against us all is against us.

কয়লার ময়লা ছোটে যব আগ করে পরবেশ—The charcoal loses its blackness only when it is caught by fire; nothing but light dispels darkness.

কর্ত্তার ইচ্ছা কর্ম্ম উলুবনে নাট—Whatever the master wills must be done; if he wills it there must be an opera in a prairie.

কলমে কায়স্থ চিনি, গোঁফেতে রজপুত;
চিকিৎসক চিনতে পারি যার ঔষধ মজবুত
—Know a Kayastha by his penmanship, a Rajput by his moustache and a physician by the efficacy of his medicine.

কলুর বলদ—The oilman's ox *i.e.* dumb-driven cattle.

কষ্ট দিয়া দান আর পিত্তি মেরে ভোজন—Grudging and reluctant charity.

কষ্ট বিনা কৃষ্ণ মিলে না—No God without difficulty; no religion without trouble.

কাঁচা গুয়ে ঢিল মারা—To throw stones at dung; to spit at the sky.

কাঁচা বাঁশে ঘুন ধরা—A young tree run to rottenness; immature oldness and infirmity.

কাঁটার মুখ আর ছুঁচল হয় না—Sharpness cannot be more sharpened.

কাঁটালের আমসত্ত্ব—Something impossible and unnatural.

কাক কোকিল একই বর্ণ, কিন্তু স্বরে ভিন্ন ভিন্ন—The crow and the cuckoo are both black, but they differ in their tone; all is not gold that glitters; outward resemblance does not always mean inward similarity.

কাক মনে করে আমি বড় সেয়ানা—Every one thinks himself the cleverest fellow in the world.

কাক মরল ঝড়ে পেঁচা বলে আমার শাপ লাগল হাড়ে হাড়ে—The crow is killed by a storm, but the owl thinks that it is his curse that has taken effect.

কাক সকলের মাংস খায় কাকের মাংস কেহ খায় না—The crow eats the flesh of every animal, but none eats the flesh of the crow.

কাকের পাছে ফিঙে লাগা—To tease one like small birds pecking a crow.

কাকের মাস কাক খায় না—Dog does not eat dog. *Lit* crow does not eat crow.

কাকের বাসায় কোকিলের ছা, জাতস্বভাবে কাড়ে রা—Place

a young cuckoo in a crow's nest, it will still sing.

কাঙ্গালের কথা বাসি হলে খাটে—You may neglect my advice now but will repent when my warning will prove true.

কাঙ্গালের মুড়কিই সন্দেশ—The simplest fare is a luxury to the poor.

কাচে কাঞ্চনে সমান—Gold and glass are the same to him.

কাজির কাছে হিন্দুর পরব—The *Kazi* (a Mussalman Judge) has no respect for a Hindu ceremony.

কাজির বিচার—The *Kazi* justice, *i.e.* a most informal way of administering justice.

কাজে কম খেতে যম
কাজের বেলায় পায় না
খুঁজে খাবার বেলায় আসে } —He works like a pigmy, but eats like a giant.

কাজের মধ্যে চাষ রোগের মধ্যে কাশ—Agriculture is the chief of occupations and cough is the chief of diseases.

কাজের মধ্যে দুই খাই আর শুই—He has only two things to do—eating and sleeping.

কাট বিড়ালের সাগর বাঁধা—The bridging of the sea by squirrels ; *i.e.* small men trying to do a great thing.

কাঠের বিড়াল হউক না ইন্দুর ধরলেই হল—It does not matter whether it is a wooden cat, let it only catch mice; *i.e.* a dummy is as good as a live animal if it serves the purpose equally well.

কাণ টানিলে মাথা আসে—Pull the ear and the head will be inclined, *i.e.* of two things intimately connected with each other, do any thing to the one and the other will be affected.

কাণা কবার নড়ি হারায়—The burnt child never goes to the fire.

কাণা কুঁজা খোঁড়া, তিন অসতের গোড়া—The blind, the lame and the hunchbacked are all equally bad.

কাণা খোঁড়ার এক গুণ বাড়া—The blind and the lame have a little more than ordinary cleverness.

কাণা গরু বামুনকে দান—Making a gift of a blind cow to a Brahman; *i.e.* making a gift of a bad thing.

কাণা গরুর ভিন্ন পথ—The blind cow goes astray.

কাণা ছেলের নাম পদ্মলোচন—Giving a good name to a bad man; *Lit.* the blind child is called the "lotus-eyed"

কাণা পুতে পোষে রাজা ঝি শোষে—A blind son supports

his parents, but even a rich daughter sucks them.

কাণা পুতের নানা রোগ—The blind weak child constantly ails.

কাণা মেঘের বৃষ্টি সর্ব্বত্র নহে দৃষ্টি—The rain from a passing cloud does not fall everywhere.

কাণে কচু, চোকে তেল, তার বাড়ি না কবিরাজ গেল—One who applies *Kachu* to his ear and oil to his eye can defy a doctor.

কাপড় হলে পচা আঙ্গুল হয় খোঁচা—When a cloth becomes old even a careful use wears it.

কামাতে পারেনা নাপিত ধামা ভরা খুর—Great show but little work. Lit the most inefficient barber has a basketful of tools.

কামার বাড়ীর বিড়াল ঠকঠকিতে ভয় পায় না—The blacksmith's cat is not annoyed by noise (because it is used to it).

কামার বুড় হলে লোয়া শক্ত হয়—The older the blacksmith the harder the iron; *ie* to failing strength even an easy work appears to be difficult.

কামার যা গড়বে তা মনে মনে জানে—The blacksmith knows what he will make *ie* every body has a previous idea of what he has to turn out.

কামারের কাছে লোহা চুরি—It is an impossible task to

steal iron from a blacksmith, for he is sure to find out the theft.

কামারের কাছে লোহা জব্দ—The iron is best trained on the blacksmith's anvil.

কামারের কুমারবৃত্তি সাজে না—One man's trade does not suit another. *Lit.*, the potter's trade does not become a blacksmith.

কায়েতের ঘরের বিড়ালটাও আড়াই অক্ষর পড়ে—Even the cat of a Kayesth knows the alphabet.

কায়েতের ছেলের কলমের আগায় ভাত—The Kayesth's son is sure to earn his bread by his pen.

কায়েতের ছোট বেদের বড়—The meanest of the Kayesth is the greatest of the Badia (gipsy).

কায়েতের মূর্খ কলুর বলদ—An unlettered Kayesth is as helpless as an oilman's ox.

কার কপালে কেবা খায়—One earns, another reaps the advantage.

কারে পড়লে আল্লার নাম—One remembers God in danger.

কাল কাপড় রুক্ষ মাথা, লক্ষ্মী বলেন থাকবো কোথা—Dirty cloth and oilless hair are the signs of beggary.

কাল বামুন, কটা শূদ্র, বেঁটে মুসলমান,
ঘর জামাই, পোষ্যপুত্র, পাঁচজনই সমান } —A black Brah-

man, a brown Sudra, a dwarfish Musalman, an adopted son, a son-in-law supported by his father-in-law, all these five are equally bad and worthless.

কাল রাম-রাজা হবে না, আজ রামের বনবাস—Such is the fickleness of fortune that Ram who was to be anointed king was sent into exile.

কালা পুরুৎ তোৎলা যজমান্—A deaf priest and a stammering disciple.

কালা বলে গান ভাল অন্ধ বলে নাচে ভাল—A deaf man praising music and a blind man praising dancing.

কালা শোনে কাড়ার বাদ্য—It is the most loud and inharmonious sound which sounds sweet in the deaf man's ear.

কালী, কলম মন, লেখে তিন জন—Ink, pen and attention, these are the three requisites of good writing.

কালীঘাটের কাঙ্গালী—The importunate beggar of Kalighat.

কালীঘাটের চণ্ডীপাঠ—A hasty and perfunctory reading of "Chandi" as in Kalighat.

কালে বাগ্ও পণ্ডিত হল—Even Sooggia is a doctor.

কাশীতে ভূমিকম্প—Earth-quake in Benares (which is popularly believed to be impossible).

কি অপূর্ব্ব সৃষ্টি, মা তেঁত, ছাঁ মিষ্টি—How strange sweet fruit from a bitter plant, a good child from a bad parent.

কি বা জ্যেষ্ঠ কি কনিষ্ঠ, যেই বুঝে সেই শ্রেষ্ঠ—It is knowledge and not age which makes one wise.

কীচক বধ—The killing of Kichak *i.e.* a violent murder.

কীলিয়ে কাঁটাল পাকান—Forced maturity.

কুঁজোর কি অনিচ্ছা যে চিত হয়ে শোয়—The hunchback has the desire of lying on his back.

কুঁড়ে ঘরে বাস, খাট পালঙ্কের আশ—The poor man's ambition to live in a princely style.

কুঁড়ের বাক্যে মরি পুড়ে—An idle man is a tiresome talker.

কুকুরকে নাই দিলে মাথায় চড়ে—Give indulgence to the dog and it will rise to your head.

কুকুরের লেজে ঘি দিলে সোজা হয় না—Rub a dog's tail with *ghee* as much as you please, it will never become straight; *i.e.* a kind treatment is no discipline for a bad man.

কুজনের নাহি লাজ, নাহি অপমান,
সুজনের এক কথা মরণ সমান, } —A bad man is incapable of feeling ashamed, but a word of reproach is worse than death to a good man.

কুড়ের বাথান বৈদ্যনাথে—The Baidyanath temple is the resort of all idle people and vagabonds.

কুপুত্র যদ্যপি হয় কুমাতা কদাপি নয়—A bad son, but never a bad mother.

কুজার মন্ত্রণা—Evil counsel.

কুম্ভকর্ণের নিদ্রা—Kumbhakarna's sleep, *i.e.* sleep not easily to be disturbed.

কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ—The awakening of Kumbhakarna which is ominous and threatens destruction.

কুল নিয়ে কি ধুয়ে খাব—A hollow rank is of no use.

কেঁচো খুড়তে সাপ বেরুল—Dig for an earth-worm and out pops a serpent, *i.e.* a simple beginning may lead to a serious consequence.

কেঁদে কেটে মরবি না কাটনা কেটে খাবি—Work and liv' well. Remain idle and you will suffer.

কেবল দাঁতকড়মড়ি সার—Impotent rage.

কেহ মরে বিল ছেঁচে কেহ খায় কই—Some have the hap, some stick in the gap; *Lit.*, one catches fish another eats it.

কোকিলবধূ ছেলে ধরতে জানে না—She is like a cuckoo who does not bring up her young ones.

কোথাকার জল কোথা মরে—Where does the matter end; what may the things be brought to.

কোন কালে নাই কো গাই চালনি নিয়ে দুইতে যাই—Experience is the best teacher, but inexperience makes one a fool.

কোন জন্মে হবে পো নেকড়া কানি তুলে থো—Counting chickens before they are hatched; *literally*, laying up clothes for a child unborn.

কোলে মরে ত পোষানি দেয় না—One would better waste a good thing than give it to others.

কোলের ছেলে গলে মাটীর ছেলে বলে—A child on the lap withers away, a child in play gains strength.

কোলে বসে কাপড় কাটা—Doing harm to a benefactor.

ক্ষুধা পেলে দুহাতে খেতে চায়—A voracious hungry eater.

ক্ষেতের কোনা বানিজ্যের সোণা—Commerce yields a hundred times more than agriculture.

ক্ষেতের চাষে দুঃখ নাশে—Agriculture removes all wants.

ক্ষেত্রে কর্ম্ম বিধীয়তে—Act in season.

——:o:——

খ

খড়ের আগুন—Straw on fire; a sudden outburst of anger.

খয়ের খাঁ—Over-loyal.

খাঁচায় পুরে খোঁচা মারা—To confine one in a cage and

prick him to death *i.e.* place one in a helpless position and then torture him to death.

খাঁদা নাকে তিলক পরা
খাঁদা নাকে নথ আর গোদা পায়ে মল
খাঁদা নাকে নোলক ঝুলান
—To try to beautify ugliness with artificial means.

খাওয়াবে হাতীর ভোগে দেখিবে বাঘের চোখে—To feed one like an elephant, but watch one as a tiger; *i.e.* generous treatment, but strict discipline.

খাচ্ছিল তাঁতি তাঁত বুনে, কি কাজ করিল তাঁতি এঁড়ে কিনে—It is an unwise policy to go out of one's sphere and line of occupation.

খাট ভাঙ্গিলে খুরা আছে, তার ভাল আরও আছে—To adapt oneself to all ill circumstances.

খাট ভাঙ্গিলে ভূমি শয্যা—If the sofa breaks, lie on the floor; *i. e.* to adapt oneself to all circumstances.

খাটে খাটায় সোণার ক্ষিতি, তার অর্দ্ধেক কাঁধে ছাতি
ঘরে বসে পুছে বাত, এ বৎসর যেমন তেমন, আর বৎসর হা ভাত
—If one wishes to succeed in agriciilture he must work himself, or at least supervise over the work-men.

খাবার সময় শুইবার চিন্তা—Acting not in season, but out of season; *lit* thinking of sleep at the time of eating.

খায় না খায় সকালে নায়, হয় না হয় তিনবার যায়
তার কড়ি কি বৈদ্য পায় } —He who bathes early and clears his bowels thrice a day has no need of calling in a doctor.

খায় না ধন সঞ্চয় করে, তার মুখে ছাই দিয়া খায়
লয় পরে } —The miser starves himself and hoards money for others.

খায় শত্রু পরে পরে—One enemy set against another.

খালি পেটে হাত চলে না—It is hard to labour with an empty stomach.

খুঁটি না থাকলে ঘর আপনি পড়ে—Without prop the roof must come to the ground.

খুঁড়িয়ে বড়—*Lit.* limp into greatness; *i.e.* pretend to be great.

খুচরা কাজের মুজরা নাই—Petty work is not paying in the long run.

খুদে তাঁতি তসোরে হাত—A petty weaver aspiring to weave silk cloth.

খুলিলে মনের দ্বার না লাগে কপাট—Once the heart is opened, it is difficult to shut its portals.

খেতে পায় না পচা পুঁটী, হাতে পরে
হীরার আংটী } —Great boast, but little roast.

খেতে পেলে শুতে চায়—Give him something to eat and he will want to lie down; *i.e.* give him an inch and he will take an ell.

খেদাই না তোর উঠান চষি—Persecuting not directly but indirectly.

খেয়ার কড়ি দিয়ে ডুবে পার—To swim across a river after paying the ferry-hire.

খেয়ে খেয়ে কুমীর—Eating and growing fat.

খেয়ে মুখ মোছা—Trying to conceal one's fault.

খেলতে জানলে কানা কড়িতেও খেলা যায়—*Lit* One who knows how to play can play with a broken *cowri*, *i. e.* a good workman can work well even with bad tools.

খৈয়েরবন্ধনে পড়া—To be placed in a false position, to be in a dead fix.

খোঁজে খাঁজে চৌকিদার—A constable in every nook and corner.

খোঁটার জোরে মেড়া লড়ে—*Lit.*, a ram fights well when he has the support of a prop.

খোঁড়ার পা খানায় পড়ে—It is the lame who falls into a ditch.

খোদার খাসী—A fat and pampered animal.

খোশ খবরের ঝুটাও ভাল—A good news is desirable even when false.

খোষে তৈল নাই কলার বড়ার সাধ—He desires plantain cakes who has no oil to apply to his itches; to aspire for more than one's means can afford.

——:০০:——

গ

গঙ্গা জলে গঙ্গা পূজা—To make offerings of Ganges water to the Ganges; to perform a ceremony without any cost to oneself.

গঙ্গায় ময়লা ফেললে গঙ্গার মাহাত্ম্য যায় না—You cannot diminish the glory of the sacred Ganges by pouring filth into it; blacken a saint as much as you can you cannot soil his purity.

গতর থাকলে ভাত কাপড়ের দুঃখ কি—One need not be in want so long as he can labour hard.

গতর পোষা—To live an idle life and grow fat.

গভীর জলের মীন—Big fish living in deep water.

গয়ার পাপ বিদায় করা—To get rid of an unwelcome guest.

গরজে গয়লা ঢেলা বয়—Necessity is no respecter of rank.

গরজ বড় বালাই—Necessity has no law.

গরীবের রাঙতাই সোণা—To the poor tinsel is as valuable as gold.

গরু জরু ধান দেখ বিদ্যমান্
গরু জরু ধান না দেখলেই যান —Keep a strict watch over your wife, cattle and paddy, or they will be lost.

গলা নাই গান গায়, মাগ নাই শ্বশুর বাড়ী যায়—To sing without a sweet voice is as absurd as to go to father-in-law's house when one has no wife.

গলায় আঙ্গুল দিয়ে বমি করা—To court an evil; to wilfully bring on suffering.

গলায় পোড়েছে ঢোল বাজাতে সিদ্ধি—To play upon a drum forced upon one's back; to perform a work forcibly imposed upon oneself.

গোদের উপর বিষ ফোড়া—Gall to wormwood; aggravation of an evil.

গাই নাই বলদ দুয়ে দে—Necessity knows no reason.

গাঙে গাঙে দেখা হয়, বোনে বোনে দেখা হয় না—Two rivers meet, but rarely two sisters.

গাছে তুলে মই কেড়ে লওয়া—To raise one to a tree and then take down the ladder.

গাছের ফল গাছের ভারি নয়—The load of fruit is no burden to the tree.

গাজনের নাই ঠিকানা শুধু বলে ঢাক বাজানা—Empty and aimless noise.

গাধা পিটিয়ে ঘোড়া করা—To train an ass into a horse, to lick one into shape.

গায়ে উড়ে খড়ি কলপ দেওয়া দাড়ি—Dusty body, but blackened beard.

গায়ে গু মাখলে যমে ছাড়েনা—You cannot escape the hands of *Yama* even if you besmear yourself with filth ; there is no escaping what you must do.

গায়ে ফুঁ দিয়া বেড়ান—To lead an idle life.

গায়ের গন্ধে ভূত পালায় মাথায় ফুলেল তেল—A filthy body, but scented hair.

গিন্নীর পাপে গৃহস্থ নষ্ট—The sin of the householder is visited upon the family.

গুড় অন্ধকারেও মিষ্টি লাগে—What is sweet is sweet even in the dark.

গুড় দিয়া খেলে গুণচটও মিষ্টি লাগে—Sweet makes every thing sweet.

গুণ যার আছে পেটে সে কি কখন চটে উঠে ?—A wise man is never angry.

গুণ টানা—To go on at the snail's pace.

গুণে ধূপ দিতে নাই—Virtue is sweet without being spiced.

গুয়ের দুই পিঠই সমান—Evil has no redeeming feature.

গুরুর কথা না শুনে কানে প্রাণ যায় তার হেঁচকা টানে—Ignore the counsel of the wise and you shall suffer.

গৃহস্থে বলে প্রাণে মলুম, ছাগলে বলে আমুনি খেলুম—It is impossible to please a fault-finding guest.

গোঁফখেজুরে—Phenomenally idle.

গোঁফে আটা মুখে তেল—A thing not in its proper place.

গোঁয়ার গোবিন্দ—A rowdy dowdy fellow.

গোড়া কেটে আগায় জল ঢালা—To cut at the root of a plant and pour water on its head.

গণা গরু বাঘে ধরে না—Counted cattle are not carried away by tigers ; no one can cheat a man who keeps an account of his monetary transactions.

গোণের নেয়ে বেগোনে মরে বেয়ে—All cannot swim against the current.

গোবর গণেশ—An inoffensive but worthless man.

গোবরে পোকা পদ্মমধু খেতে সাধ—A hog aspiring after the honey pot.

সৌভাগ্য নাই এটুলি ভাগ্য আছে—No rose but the prick of the thorn.

গোলমালে চণ্ডীপাঠ—Prayer in a confusion; a hasty prayer.

গোলে হরিবোল—To make confusion worse confounded.

গ্রহণ লাগলে সবাই দেখে—All can see the eclipse; the fall of a great man is visible to all.

গ্রহণের চাঁদ—Trembling and lustreless like the moon in an eclipse.

ঘ

ঘট গড়তে পারে না মেটের বায়না লয়—Aspiring beyond one's ability.

ঘটীকেনা গঙ্গাস্নান—Going out to bathe in the Ganges for the sake of purchasing a jug; *i. e.* doing a good thing not with a whole heart.

ঘড়িকুকে ঘোড়া ছোটে—A hasty impatient man.

ঘন দুধের ফোঁটা বড় মাছের কাঁটা—A drop of condensed milk is better than a cup of watery milk, and even the bone of a large fish is better than a basketful of fry.

ঘর চোরকে পেরে উঠা দায়—One is undone when there is a traitor in the camp.

ঘর থাকতে বাবুই ভিজে—The swallow getting drenched in the rains inspite of its nest; turned out of one's house and home.

ঘর নাই দরজা বান্ধে মাগ নাই ছেলের জন্য কান্দে—Pining for what is not.

ঘর পোড়ার কাঠ—Anything saved from destruction.

ঘর বাঁধবে ছাইবে না ধার দেবে চাইবে না—It is a bad policy to leave a cottage unthatched and the payment of a loan uncalled for.

ঘরামীর ঘর ছেঁদা—An opening in the thatcher's own thatch.

ঘরে ঘরে চুরি তাই প্রাণ ধরি—It is a consolation that there is theft in every house; the universal sin of humanity is a consolation to a weak man.

ঘরে চাল যার দোয়াড়ে মাচ তার—He who has rice in his storehouse has fish in his pond.

ঘরে বসিয়ে মাহিনা দেয় এমন মনীব কোথা পাব—No work but full pay is not to be had in this world!

ঘরে বসে রাজা উজির মারা—To indulge in tall talk.

ঘরে বাইরে একমন তবে হয় কৃষ্ণভজন—Concentration is the price of religious devotion.

ঘরের ইন্দুর বাঁধ কাটিলে ধরে রাখে কে—One is undone when there is a traitor in the camp.

ঘরের কড়ি দিয়ে নায়ে ডুবে মরা—To pay the ferry hire and yet be drowned in the sinking boat.

ঘরের খেয়ে বনের মহিষ তাড়ান—To serve one without any remuneration.

ঘরের ভাত দিয়ে শকুনি পোষে গোয়ালে গরু টাকে—To feed the undeserving and starve the deserving.

ঘরের মধ্যে তিন জন হেগে গেল কোন জন—Among a company of thieves there must be one who has committed theft.

ঘরের লক্ষ্মী পায় ঠেলা—To kick off the ladder which has led to one's advancement.

ঘায়েই মাছি বসে—Flies feed on sores; vice is the root of suffering.

ঘি আহুড় ঘোল ঢাকা—Neglecting a good thing, preserving a bad thing.

ঘি দিয়ে ভাজ নিমের পাতা তবু না যায় তার জেতের জাতা—Bitter will not change its taste.

ঘুনশীতে কি করে রূপেয় প্রাণ কেড়ে লয়—Beauty needs no adornment; a good face needs no paint.

ঘুম নাই যোগীর ঘুম নাই রোগীর—The diseased and the devotee have no sleep.

ঘুষ পেলে আমলা তুষ্ট—Nothing pleases the *amla* more than bribe.

ঘোড়া চিনি কাণে, দাতা চিনি দানে,
মানুষ চিনি হাসে, মনি চিনি ভাসে। —Know a horse by his ear, a benevolent man by his charity, a man by his smile, and a precious stone by its specific gravity.

ঘোঁড়া দেখলে খোঁড়া হয়—A man will not work if he has another to work for him.

ঘোড়া ভেড়ার এক দর—A horse as valuable as a sheep; levelling down all inequalities.

ঘোড়ার কামড় ছাড়তে জানে না—Obstinate as the bite of a horse.

ঘোড়ার গোয়ালে ভেড়া ঢোকা—A sheep stepping into a stable; one man stepping into another man's shoes.

ঘোড়ার ঘাস কাটা—To do a thankless work.

ঘোড়ার ডিম—Horse's egg; an imaginary object which does not exist.

ঘোড়ার পেট গাধার পিট খালি থাকে কদাচিৎ—The horse's stomach and the ass's back are never empty.

ঘোড়া হলে চাবুকে আটকায় না—Get a horse and it will not be long to get a whip.

ঘোমটার মধ্যে খেমটা নাচ—To commit a sin in secret.

ঘোল কুল কলা তিনে নষ্ট গলা—Sour milk, plum and plantain; these three mar the sweetness of voice.

ঘোল খাবেন রামকৃষ্ণ কড়ি দিবেন কালী—To rob Peter to pay Paul.

—:++:—

চ

চক্ষু থাকিতে কাণা—Blind inspite of eyesight.

চক্ষুর কাজল গালে হৈল—Seeking favour, getting insult.

চক্ষে দেখলে শুনতে চায় এমন নির্ব্বোধ আছে কোথায়—He is a fool who prefers hearsay to an eye witness.

চটকস্য মাংসং ভাগশতং—A minute division of a small thing.

চড় মেরে গড়—Honour after insult; obeisance after a kick.

চণ্ডীচরণ ঘুঁটে কুড়ায় রামা চড়ে ঘোড়া—Some have the hap some stick in the gap.

চলতে পারে না তার বন্দুক ঘাড়ে—A man who cannot even walk should not carry a musket on his shoulders.

চা'ল নাই তার ধুচুনি নাড়া—All show little substance.

চা'ল নাই তার ভাতে ভাত—You cannot get something out of nothing.

চাল নাই ধান নাই গোলা ভরা ইন্দুর—No rice but a *gola*-ful of rats; no rose, it is all the prick of the thorn.

চালের কত দর না মামার ভাতে আছি—One thing asked another thing said in reply; an answer quite out of the point.

চাঁদের হাট বাজার—A galaxy of beauty.

চাকরি না কুকুরি।
চাকরি মেঘের ছায়া
মিছে তার কর মায়া। } —Service is a dog's occupation; service is as transient as the shadow of a passing cloud.

চাচা বল কাকা বল কলাটী পাঁচ কড়া—Trade knows neither friends nor kindred.

চাপ পড়িলেই বাপ বলে—Press him hard and he will melt into meekness.

চাপ্‌লে বোঝা বাপের ঘাড়ে—Place a burden on his back and he will shift it on to another's back.

চামচিকে আবার পাখী—*Chamchika* (a leather-winged sparrow) is no bird.

চাল না চুলো ঢেঁকি না কুলো—He has no house or home.

চালে খড় নাই ঘরে বাতি—No straw in his thatch, but a candle burning in his room.

চালের বাতায় মাণিক থুয়ে উলুবন হাতড়ান—Keeping a jewel in the thatch and searching for it among *ulu* grass.

চাষার মুখ না আখার মুখ—The boor is a foul-tongued fellow.

চাষের কোণা বাণিজ্যের সোণা—Trade pays more than agriculture.

চিঁড়ের বাইশ ফের—A complicated mesh.

চিরকাল কিছুই নয় জগৎ কেবল মায়াময়—Nothing lasts in the world, every thing passes away.

চিরকাল সমান না যায়—The wheel of fortune is ever turning; today is not similar to to-morrow.

চিলকে বিল দেখান—Don't take an ass to the haystack; don't take a kite to a pond full of fish.

চিল পড়লে কুটাটাও নিয়ে উঠে—When a kite sweeps down, it will at least pick up a straw.

চুরি বিদ্যা বড় বিদ্যা যদি না পড়ে ধরা—Theft is a paying profession if it is not detected.

চুল ধরিতে মূল নাই—False hair comes off at the merest touch.

চুল নাই তার খোঁপা বাঁধা—One who has no hair cannot beautify it.

চুলকিয়ে ঘা করা—To rake up old quarrels; to prick up old sores.

চোক বুজিলেই অন্ধকার—Shut your eyes and all is dark.

চোরকে বলে চুরি করতে গৃহস্থকে বলে সজাগ হতে—To instigate the thief to steal and at the same time to warn the people against thieves.

চোর ডাকাতের ভয় পেটে পুরলে হয়—Spendthriftiness is the curse of anarchy.

চোর ভাল ত বেকুব ভাল নয়—A thief is better than a fool.

চোর মজে সাত ঘর মজিয়ে—A thief comes to grief, but not before he has ruined many people.

চোরের উপর রাগ করে ভুঁয়ে ভাত খাওয়া—To dine on bare floor to spite the thief who has stolen all plates.

চোরের দশ দিন গৃহস্থের এক দিন—There is a day of reckoning for all crimes. Theft is a losing

business in the long run; a thief will be caught at last.

চোরের সাক্ষী গাঁইটকাটা
শুঁড়ির সাক্ষী মাতাল —One thief speaks for another.

চ্যাঙ উড়ায় ব্যাঙ উড়ায় খলসে বলে
আমিও উড়াই —Fools rush in where angels fear to tread.

——:++:——

ছ

ছাঁইচের জলে খাবি খায় সমুদ্র পার হতে যায়—One who sinks in a little pool of water should not venture to cross the sea.

ছাই পায়না মুড়কি জলপান—To want sweetmeats for tiffin when one cannot get even ashes to eat.

ছাই পেতে কাটা—To kill one mercilessly; to torture one to death.

ছাই ফেলিতে ভাঙ্গা কুলা—A scapegoat.

ছাগলে কিনা খায় পাগলে কিনা বলে—A goat eats anything and everything just as a mad man speaks anything and everything.

ছাগলের কল্যাণে মহিষ মানা—To sacrifice a great interest for a small one.

ছাগলের কাজ কি যব মাড়া—It is not in the power of a goat to grind barley; do not aspire too high.

ছাতুর হাঁড়িতে বাড়ি পড়া—To cut off one's last source of livelihood.

ছার পোকার বিয়েন—As prolific as a bug.

ছিড়ল দড়া ত ছুটলো ঘোড়া—A horse let loose will run away; let a man go out of control and he will go astray.

ছিলাম যোগী হলাম রোজা—From a saint to a quack—a great fall.

ছুঁচো যদি আতর মাকে তবু কি তার গন্ধ ঢাকে—Let a mole anoint itself with otto it will still emit a bad smell.

ছুঁচোর কিচ মিচ—Chattering of moles.

ছুঁচোর গোলাম চামচিকে—Slave of a slave.

ছেঁড়া চুলে খোঁপা বাঁধা—To dress and adorn scanty hair.

ছেঁড়া বস্তায় খাসা চাল—Excellent rice in a torn bag.

ছেঁদা ঘটী, চোরা গাই, চোর পড়শী, ধূর্ত্তভাই, মূর্খ ছেলে, ভার্য্যা দুষ্ট এই ছয়টী বড় কষ্ট—A leaky jug, a cow which does not give milk, a thievish neigh-

bour, a cunning brother, an illiterate son, a bad wife; these six are an eternal source of misery.

ছেঁদো কথা মাথার জটা, খুলতে গেলে বিষম লেটা—It is as difficult to undo the mesh of tangled hair as to decipher the meaning of a set roundabout speech.

ছেড়ে দিয়ে তেড়ে ধরা—To pursue an object which has been once given up.

ছেড়ে দে মা কেঁদে বাঁচি —Let me escape and find relief in tears.

ছেলে নষ্ট হাটে বউ নষ্ট ঘাটে—A boy is spoiled in the market and a girl in the bathing *ghat*; it is bad company which spoils.

ছেলে মারে কাপড় ছেড়ে আপনার ক্ষতি আপনি করে }--One who beats his child or tears his cloth injures none but himself.

ছেলের নাম করে পোয়াতি খায়—The mother benefiting herself in the name of the son.

ছেলের হাতের কলা
ছেলের হাতের মোয়া নয় যে ভোগা দিবে }—It is not a

sweetmeat in a child's hand that you will cheat me of it so easily.

ছেলের হাসি কান্না বুঝা যায় না—It is difficult to distinguish between crying and smiling in a child.

ছোট মুখে বড় কথা—Tall talk in the mouth of a man of no significance.

জ

জগতে ভাল কে যার মনে লাগে যে—The best loved is the best liked.

জঙ্গলা কখন পোষ মানে না—The wild cat is never tamed.

জড় ভরত—A worthless idle fellow.

জড়ের বাঁশ পড়ে না—A bamboo in a cluster is never felled by the wind; unity is strength.

জন্ম গেল ছেলে খেতে (আজ বলে ডাইন)—A hardened sinner.

জন্ম মৃত্যু বিয়ে তিন কর্ম্ম নিয়ে—Life, death and marriage are all predestined.

জন্ম হউক যথা তথা কর্ম্ম হউক ভাল—Let a man be judged not by his birth but by his action.

জন্মে নাই লক্ষ্মীপূজা একেবারে দশভূজা—A big jump for fame.

জন্মে দেখিনি লোহার মুখ কোদালকে বলে ভুগসুঁচ—Calling a spade a needle; crass ignorance.

জন্মের মধ্যে কর্ম্ম নিমাইয়ের চৈত্র মাসে রাস—A good act rarely done and that done out of season.

জয় কালে ক্ষয় নাই মরণ কালে ঔষধ নাই—Nothing can pull down a rising man just as no medicine can prevent death.

জমী অভাবে উঠান চষা—To plough the court-yard for want of a field.

জল এগোয় না তৃষ্ণা এগোয়—The mountain does not come to Mahomet, but Mahomet must go to the mountain.

জল খেয়ে জাতি জিজ্ঞাসা করা—To repent of a sin after it is committed.

জল জল বৃষ্টির জল বল বল বাহুর বল—No water like rain-water, no force like muscular force.

জল নেড়ে জোঁকের বল বুঝা—To play with a lion to test his strength; to play with fire to test its combustibility.

জলে পাথর পচে না—The stone does not rot in water.

জলের কুমীর ডেঙ্গায় এলো—To invite a danger which is distant.

জলের গতি নীচের দিকে—Water flows downwards.

জলের ছিটে দিয়ে লগির গুঁতো খাওয়া—Tit for tat.

জলের শত্রু পানা গ্রামের শত্রু কাণা—Duck-weed spoils water just as a blind man injures a whole village.

জাগন্ত ঘরে চুরি নাই—There can be no theft in a family wide-awake.

জাতও গেল পেটও ভরল না—Bartering one's conscience for a pot of mess.

জাত গোয়ালা কাঁজি ভক্ষণ—Great boast but small roast.

জাতভিখারির ভেকে কাজ কি?—A born beggar need not take the vow of begging.

জাত ব্যবসা নরের ভূষা আর যত সব ফাসা ফুসা—One's ancestral trade is the best profession.

জানিনে পারিনে নাইক ঘরে এ তিন কথায় দেবতা হারে—"No" is the most powerful clincher.

জানলেই ভয় না জানলে নয়—Where ignorance is bliss it is folly to be wise.

জিলিপির পেঁচ—A tangled mesh.

জোঁকের গায়ে জোঁক বসে না—A dog does not eat dog.

জো পেলে জোলায়ও বুনে—Opportunity is the best teacher.

জ্বালার উপর জ্বালা—Adding gall to wormwood.

——:o:——

ঝ

ঝকমারির মাশুল—Price paid for one's folly.

ঝড়ে ঘর পড়ে ফকিরের কেরামৎ বাড়ে—The prophet taking credit for accidental coincidences.

ঝড়ের আগে উড়ি ছোটে—Wish running faster than action.

ঝাঁকের কই ঝাঁকে যায়—The sheep returning to the flock.

ঝাড়ের দোষ—Inherent defects.

ঝিকে মেরে বউকে শিখান—To chastise the daughter to teach a lesson to the daughter-in-law.

ঝোলে অম্বলে এক করা—To mix porridge with plum-pudding; to make a muddle of a thing.

ট

টাক প্রকৃতি গোদ মরলে হয় শোধ—One's nature, baldness and elephantiasis do not leave one before his death.

ঠ

ঠক্ বাছতে গাঁ উজোড়—A search for perfectly honest men is not likely to succeed.

ঠাকুরকে দেখিয়ে কলা নৈবেদ্য নিয়ে ছুটে পালা—A gift only in name.

ঠাকুর ঘরে কে আমিত কলা খাইনি—Indirectly pleading guilty to a charge.

ঠাকুরে করিলে হেলা রাখালে মারে ডেলা—When God is against us all are against us.

ঠাক ঠমকে বিকায় ঘোড়া—Show is the success of trade.

ঠেঁটা লোকের মুখে আঁট বাহির থেকে কাটে গাঁট—The cunning thief hath a smooth tongue.

ঠেলা দিয়ে গঙ্গায় ফেলা—Throwing one overboard.

ঠেলার নাম বাবাজী—Nothing like force.

ঠোঁটকাটা কাক—Shameless creature.

ড

ডানাকাটা পরী—As beautiful as an angel without her wings.

ডালছাড়া বাঁদর—As ugly as a monkey come down from the tree.

ডুমুরের ফুল—Castles in the air.

ডোলভরা আশা, কুলাভরা ছাই—High hopes are doomed to disappointment.

ঢ

ঢাকাই সাক্ষী—A Dacca witness.

ঢাল নাই, তরবার নাই, নিধিরাম সর্দ্দার—A carpet knight; a tin soldier without arms.

ঢেঁকি আড়কাটে আপনার ক্ষয়—Nothing wears like idleness.

ঢেঁকি কেন পাঁ বেড়ান না গড়ে পড়লে হইল—Play when you play work when you work.

ঢেঁকির কচ্‌কচি—Unpleasant chattering.

ঢোলের কাছে কাঁশী
ঢাকের কাছে টেমটেমি } The sound of a fiddle to the sound of a horn.

ত

তপ্ত জলে ঘর পুড়েনা—Hot water does not burn a house.

তলে তলে জড় কাটে উপরে জল ঢালে—To cut a tree at the root and sprinkle water over it.

তাড়াইনা উঠান চষি—To turn one out not directly, but indirectly; to drive one out of his house by persecution.

তাড়াতে পারেনা গাঁয়ের মাছি ভূঁই করেগে রাখালগাছি—Brave at table but a coward in the field.

তাবিজে কি করে, মুদয় প্রাণ কেড়ে নেয়—Beauty is the best adornment.

তাল পাতার ছায়া—The shade of palm leaves *i, e.* no shade at all.

তিন মন তেলও পুড়বে না রাধাও নাচবে না—If the sky fall we shall catch larks.

তিন মাথা যার বুদ্ধি লবে তার—Consult the "three-headed" men (*i. e.* old men who generally hold their heads between their knees)

তিল পড়লে তাল পড়ে—Give an inch and he will take an ell.

তীর্থের কাকের মত বসে থাকা—To wait expectantly like a crow in a place of pilgrimage.

তুক তাক ছয় মাস, যা কপালে বারমাস—Luck is almighty, the efforts of enterprise are but shortlived.

তুফানে পড়িয়া বলে পীর বদর বদর—To remember the saint in a tempestuous sea; God in danger.

তুমি ফের ডালে ডালে আমি ফিরি পাতায় পাতায়—I am more cunning than you.

তুলসী বনের বাঘ—A toy tiger.

তুলা যেমন শুনতে নরম বুনতে তেমন নয়—Cotton is very soft to the touch, but it is not so easy to spin it.

তেল তামাক ময়দা, যত রগড়াও তত ফয়দা—Oil, tobacco and flour, the more you rub them the better.

তেল থাক থালি পেলেই বাঁচি—Thank your charity recall your dog.

তোমার গুণের বালাই নিয়ে মরি—I am tired of your misdoings.

তোমার দশ হাত কাপড়ে কাছা আটে না—Even five yards of cloth cannot cover your nakedness; the more you get the more you want.

তোমার দেখিয়া দুঃখ মোর বুক ফাটে
তুমি খাও ভাঁড়ে জল, আমি খাই ঘাটে } —I am worse off than you; you drink from an earthen cup, but I have not even that to drink from.

তোমার যেমন ভালবাসা মোল্লার তেমনি মুরগি পোষা—Your love is of a piece with that of the Molla who keeps and feeds fowl for the sake of eating them.

তোর ঢেকে রাখ মোর বিকিয়ে যাক—To feather one's own nest at another's cost.

তোর পায়ে পড়ি না তোর কাজের পায়ে পড়ি—I love you not for yourself but for your work.

তোর শিল তোর নোড়া তোর ভাঙ্গব দাঁতের গোড়া—To beat one in his own weapons.

থ

থাকলে তালুয়ের বাপের শ্রাদ্ধ হয়,
না থাকলে আপনার বাপেরও শ্রাদ্ধ হয় না } —Plenty is the mother of waste, want is the mother of economy.

থাকে যদি আগে পাছে কি করে তার শাকে মাছে—The substantial dishes can safely dispense with the minor ones.

থাক কুকুর মনের আশে ভাত দিব তোরে পৌষ মাসে—To live on empty expectations.

থাল৷ হারাইয়া কলসীতে হাতড়ান—To search for a needle in a bottle of hay.

থিয়ে তল-যাবে তবু নুয়ে ডুব দিবে না—He will break but will not bend.

দ

দরদী বিনা দরদ বুঝে না—The sufferer alone can feel another's suffering.

দরিদ্রদোষে গুণরাশি নাশে—Poverty is a besetting sin, it clouds all virtues.

দর্পণে মুখ দেখা—To see one's face in the mirror.

দরিদ্রের ধন The beggar's wealth.

দশচক্রে ভগবান্ ভূত—Conflicting opinions make a fool of a man.

দশদিন চোরের একদিন সাধের—Honesty will triumph over dishonesty in the long run.

দশপুত্রসমা কন্যা যদি পাত্রে পড়ে—A daughter well married is as good as ten sons.

দশে যারে বলে ছি, তার প্রাণে কাজ কি? The public opinion is the worst accuser.

দশের মুখে জয়, দশের মুখেই ক্ষয়—The rise and fall of a person depends upon public opinion.

দাড়ালে পোয়া বসলে ক্রোশ, পথ বলে মোর কিসের দোষ—Idleness makes a work difficult.

দাঁড়িকে মাঝি করা মাঝ গাঙ্গে ডুবে মরা—Don't depend upon an inexperienced novice in any business.

দাঁত আর ভাই বিচল হইলে মন্দ—Tooth and brother gone wrong become very much troublesome.

দাঁতে দড়ি দিয়ে পড়ে থাকা—To live on potato and point.

দাতা দান করে বখিলের বুক ফাটে—The good man gives alms and the bad man is tormented thereby.

দাতার চেয়ে বখিল ভাল ত্বরিত জবাব দেয়—The Bakhil is better than the man of charity; he always gives a ready answer.

দায় ঠেকিলে শালগ্রামের পৈতা বেচে খায়—A man in distress is compelled to spend the last penny.

দায় পড়লে বাবা বলে—Hard-pressed, even a proud man will sue for mercy.

দায়ে কাটে কুমড়া যেমন—As easily as a knife cuts a melon.

দিও কিঞ্চিৎ না কর বঞ্চিৎ—Give him something, do not disappoint him altogether.

দুই স্ত্রী যার বড় দুঃখ তার—None is more miserable than a man with two wives.

দুঃখী যায় সুখীর কাছে দুঃখ যায় তার পাছে পাছে—The misery of a miserable man will never forsake him, try as best he may to be happy.

দুঃখের অন্ন সুখ করে খাওয়া—To put the best face upon a bad case.

দুধের সাধ কি ঘোলে মিটে—The purpose of milk cannot be served by *ghol*; the purpose of honey cannot be served by sugar; the purpose of a good thing cannot be served by a bad thing.

দুর্জ্জনকে দূরে পরিহর—Keep aloof from a bad man.

দুর্ব্বলস্য বলং রাজা—The king is the strength of the weak; the king protects the weak.

দুর্ভিক্ষ অল্পকাল স্মরণ থাকে চির কাল—The famine does not last long, but its sad remembrance is never effaced from the mind.

দুষ্টের আঠারগাছি পথ—Bad men have a thousand and one ways of carrying out their nefarious purposes.

দূরের কেশ ঘন দেখায়—Every thing looks well from a distance.

দেঁতোর হাসি—Meaningless smile.

দেখতে খেঁকশেয়ালী যুদ্ধের সময় বাঘ—Looking like a fox but fighting like a tiger.

দেখতে পেলে কেহ শুনতে চায় না—Seeing is better than hearing.

দেখে শুনে পেটের পিলে চমকে—It makes one shudder to see or think of it.

দেব গড়তে বানর হল—My Venus has turned out a whelp.

দেবতার বেলা লীলাখেলা মানুষের বেলা পাপ—What is a sport to the gods is a sin to mortals.

দৈবজ্ঞ যদি বলে ঠিক তবে কেন মাঙ্গে ভিক্ —If [illegible]rologer can tell one's fortune, why d[illegible] go a-begging?

——:o:——

ধ

ধন জন পরিবার কেহ নহে আপনার—There is nothing in this world which you can call your own, neither wealth nor family.

ধন পরিবাদও ভাল—Even a false reputation for wealth is desirable.

ধন-সোহাগী মরেন কুঁড়র যাউ খেয়ে—The miser starves himself.

ধনীর চিন্তা ধন ধন নিরনব্বুয়ের ধাক্কা
যোগীর চিন্তা জগন্নাথ, ফকিরের চিন্তা মক্কা } The rich think of wealth, the devotee of God and the

pilgrim of pilgrimage ; every man thinks of what is near and dear to his heart.

ধনীর মাথায় ধর ছাতি কুলের মাথায় মার লাথি—Wealth is better than rank.

ধনুক ভাঙ্গা পণ—Unshakable resolution.

ধনে অহঙ্কার নয় অহঙ্কার মনে—The seat of vanity is not in wealth, but in the mind.

ধনে প্রাণে মরা—Ruined and undone.

ধর্ [illegible] ধরেই আছি—Blind and unthinking obedi-[illegible]

ধরাকে [illegible]ন—To set too little value on the world.

ধরে আ[illegible] বল্লে বেধে আনে—Acting more high-handed[illegible]y than one is ordered to do.

ধরে বেঁধে [illegible]রিত মেজে ঘসে রূপ—Love-making by force is [illegible] impossible as gaining beauty by rubbing and wa[illegible]ing.

ধরে ভদ্র ঘটান—Forcing something upon an unwilling person.

ধর্ম্ম পুত্র যুধিষ্ঠির—As saintly and truthful as Yudhisthir.

ধর্ম্ম রক্ষতি ধার্ম্মিকম্—Religion protects the religious.

ধর্ম্ম রেখে কর্ম্ম—Duty first religious practices afterwards.

ধর্ম্মের ঘরে কুটের অভাব নাই—A sacred place is the resort of idle men.

ধর্ম্মের ঘরে পাপ সয়না—A little sin will ruin a religious household.

ধর্ম্মের সূক্ষ্মা গতি—Mysterious are the ways of religion.

ধাইয়ের কাছে কোঁকছাপা—It is useless to conceal one's pregnancy from a mide-wife; one cannot conceal a thing from one who knows.

ধান একগুণ তৃণ শতগুণ—Straw is more numerous than corn; husk is more numerous than grain; bad is oftener met with than good.

ধান নাই চাল নাই আন্দিরাম মহাজন—A merchant without any stock-in-trade.

ধান ভানতে মহীপালের গীত—A remark out of place.

ধামাধরা মানুষ—An obsequious man.

ধার করে কাণে সোণা
ধার করে হাতি কেনা } —To purchase gold on credit; to purchase an elephant on credit.

——:0:——

ন

ন খল সজ্জনায়তে—The bad can never become good.

নখের ছিদ্রে কুড়াল লাগান—To make an elephant pass through the eye of a needle.

নগাঁ মাগিলেও যা সাত গাঁ মাগিলেও তা—Begging in nine villages is as bad or as good as begging in seven villages.

নড়তে পারে না কামান ঘাড়ে...One who cannot walk should not try to carry a gun on his shoulders.

নড়া দাঁত পড়া ভাল—A loose tooth had better be plucked out.

নদী এক কূল ভাঙ্গে আর কূল গড়ে—The river takes from one bank and adds to another.

নদীর পাড়ের গাছ—Trees on the river bank (*i. e.* something on an unsafe foundation)

নদীর মুখে বালির বাঁধ—Damming the mouth of a river with sand (which is not likely to last.)

ন দেবায় ন ধর্ম্মায়—Neither for the benefit of religion nor for the benefit of the gods.

ননদেরও ননদ আছে—There is a tyrant over a tyrant.

নবাব আর কি ?—The veriest Nawab.

নবাব পুত্র—Nawab's son.

নবাব সিরাজ-উদ্দৌলা—Nawab Serajuddaula.

নবাবি চাল—Nawabi ways.

নয়ন মুদিলে পরে সব অন্ধকার—Death is darkness.

নরম মাটি পেলে বেড়ালে আচড়ায় (হাগে)—The cat eases itself on the soft soil.

নরমের বাঘ গরমের শেয়াল—A fox to the strong and a tiger to the weak.

নরাণাং মাতুলক্রমঃ—Men very often resemble their maternal uncles.

নরুণে তালে গাছ কাটা—To cut Falkland wood with a penknife.

নরের মন নারায়ণ জানেন—God knows the secret of every heart.

ন দেবঃ সৃষ্টিনাশকঃ—The gods never mean the destruction of the universe.

নাই ঘড়ে থাঁই বড়—Waste is the mother of want.

নাই দিলে কুকুর কাঁধে চড়ে—Give the dog indulgence and it will try to get upon your shoulders.

নাক ধরে টানলে মুখ আপনি আসে—Pull one by the nose and his face will be turned, *i. e.* when two

things are closely related, one is sure to follow the other.

নাকে সরিষার তেল দিয়া ঘুমান—Pour oil into your nose and sleep soundly.

না খেলে যাবে দিন ধার কল্লে হবে ঋণ—Better fast than run into debt.

না গজাতে ঘুন ধরা—Nipped in the bud; to become worm-eaten in the bud.

নাচুন্তির লাজ নাই দেখুন্তির লাজ—Not the dancer but the spectator feels ashamed, *i. e.* the wrong-doer is not ashamed of his guilt, but one who sees him committing the guilt is.

নাচে ভাল পাক দেয় এলো—She dances well, but her evolutions are not well executed. *i. e.* she dances indifferently well; he works indifferently well.

নাচের পা থামেনা—The foot set in dancing never stops; the stone set rolling goes on rolling.

নাচতে দাড়ায়ে ঘোমটা টানা—To cover one's face with the veil when she has come out in the public to dance.

নাড়ী নক্ষত্র টেনে বাহির করা—To pump out or to worm out the secrets of one's heart.

না দেখে চলে যায় পায় পায় হোঁচট খায়—The walker who does not keep his eyes on the road is sure to stumble.

না পড়ে পণ্ডিত—A *pandit* without knowledge.

নাপিত দেখলে নখ বাড়ে—Nails grow at the sight of the barber.

নাপিতের আসি ধোপার বাসি—The barber and the washerman never come in time.

নাপিতের ষোলচুঙ্গা বুদ্ধি—The barber's is a many-sided cleverness.

না রাম না গঙ্গা—Neither Ram nor Ganges, *i. e.* making no choice at all.

নালা কেটে লোনা জল আনা—To bring in salt water into one's house by cutting a channel; to call in a danger.

নিগোঁসাইয়ের খোদাই রক্ষা
নিরাথালের খোদাই রাখাল —God protects the helpless; the lonely to the Only.

নিজের বন ভাত পায় না শালীর তরে মণ্ডা—No food for sister, but sweetmeats for sister-in-law.

নিত্য রোগীকে দেখে কে, নিত্য নেই তায় দেয় কে?—None can nurse one who is a lifelong invalid or help one whose want is eternal.

নিদেন কালে হরিনাম (বা রসসিন্দুর)—After death the doctor.

নিদ্রা নাই নির্ধনীর নিদ্রা নাই শোকীর—The poor and the grief-stricken have no sleep.

নিম তেত নিসিন্দে তেত তেত মাকালফল
তার চেয়ে অধিক তেত দুই সতীনের ঘর —The home of a man with two wives is much more bitter than either *Nim* or *Nisinda* or *Makulfal*.

নির্গুণ পুরুষের তিনগুণ ঝাল—The less merit the greater vanity.

নির্বিষ সাপের কুলাপানা চক্র—The barking dog never bites.

নুন খেয়ে নিমকহারামী—An ingrate.

নুন খেলে গুণ মানে—Gratitude to the benefactor.

নুন খাই গুণ গাই—One should be grateful to his benefactor.

নূতন নূতন তেঁতুলের বিচি পুরাণ হলে বাতায় গুঁজি
নূতন নূতন ন কড়া পুরাণ হলে ছ কড়া —A thing is liked so long as it is new and is disliked as soon as it becomes old.

নেংটে ইন্দুরে পাহাড় কাটে—Even the mouse can bore through a mountain.

প

পচা শামুকে পা কাটে—Broken crystals wound onee foot.

পট্টবস্ত্রে গুঞ্জ ফল (কুঁচ) মূল্য নাহি হয়
ছিন্ন বস্ত্রে মতির মূল্য নাহি হয় ক্ষয় }—A thing of value does not lose its worth even in the midst of worthless things while a worthless thing does not acquire any value in the midst of valuable things. A diamond is a diamond still whether wrapt up in rags, or set up with jewels; don't value a gem by what it is set in.

পড়ল কথা সভার মাঝে যার কথা তার গায়ে বাজে }—If the cap fits your head wear it.

পড়শী না বড়শী—One's neighbour is like a fishing hook.

পড়লে কথা বুঝতে নারে সেই বা কেমন মেয়ে
হাল নাই কাছি নাই সেই বা কেমন নেয়ে }—One cannot be a boatman without going to the rudder

and it bespeaks very little intelligence on one's part if it takes him long to understand the drift of a word.

পড়শীর মুখ না আর্শির মুখ—A man's neighbour is his mirror.

পড়লো ফাগুন ত উঠলো আগুন—With Falgun comes heat.

পড়ুক বা না পড়ুক পো সমাজে নিয়ে ফেলে থো—Good company is as good as good education.

পড়ে পাওয়া টাকার চৌদ্দ আনাও লাভ—A gift horse is a gain even if it be not sound.

পড়ে পাশা ত জিতে চাষা—Even a fool can win if fortune favours him.

পথি শূদ্রবদাচরেৎ—Out on a journey a man should act like a *Sudra* and object to no food.

পণ রক্ষায় প্রাণ হারাণ—To do or die.

পনেক খেলে ক্ষণেক গায় কাহনেক খেলে সারা দিন গায়—The greater the measure of favour the greater the measure of gratitude.

পণ্ডিতে চ গুণাঃ সর্ব্বে মূর্খে দোষা হি কেবলম্—It is all virtue with the wise and all vice with the fools.

পর আর পরমেশ্বর—God is as indifferent as a stranger.

পাপ লুকায়না সাগর শুখায় না—It is as impossible to conceal a sin as to pump out a sea.

পরপ্রত্যাশী নর গাছে উঠে মর—A man who depends upon others is sure to come to grief.

(তাহার) পাথরে পাঁচ কীল—It is all good luck to him.

পাড়া পড়শীর গুণে বেঁড়ে গরুও বিকিয়ে যায়—Puffing makes even a bad thing sell well.

পাত কাটিতে দেরি সহে না—He is too hungry to wait.

পাতাচাপা কপাল—Good luck easily attainable.

পাতের ভাত দিয়ে পুষলাম যোগীঁ উলটে বলে পরবাসকী—Paying good services with ingratitude.

পরের মুখে ঝাল খাওয়া—To be led away by the opinion of other people.

পাথরে ঘুন ধরে না—The stone never rots.

পান হইতে চুন খসে না—No comfort wanting.

পান্তা ভাতে ঘি নষ্ট, বাপের বাড়ি ঝি নষ্ট—It is useless to butter rice soaked in water, it is spoiling a girl never to send her to her husband's house.

পান্তা ভাত বাতাস দিয়া খাওয়া—To eat cold rice cooled with a fan; to make the best of a bad case.

পাপের লেশ দুঃখের শেষ—Vice and misery should be rooted out.

পাবার আশে পুরুত ঘেঁসে—Love of gain is the best attraction.

পায় না পচা পুঁটী খেতে চায় রুই ভেটকি—Wants to eat bread when oaten cakes are wanting.

পালাতে না পেরে পোষ মানা—Making a virtue of necessity.

পায়ের জুতা মাথায় উঠেছে—The low vying with the high.

পিঁড়েয় বসে পেঁড়োর খবর—To sit at home and talk of the world.

পালের গরু পালে মিশেছে—The sheep have joined their fold.

পাষণ্ডের নাই পাপের ভয়—The hardened sinner fears not sin.

পাষাণে মাথা ঠোকা—To dash one's head against a rock, to offer opposition when opposition is useless.

পিঠ করেছি কুলা কাণে দিয়েছি তুলা—To put up with insults without complaint.

পিতৃ মাতৃ দায়—Responsibility which cannot be shaken off.

পিতার বয়সে কলমা নাই পাঁকা ভরা দাড়ি—Great show little substance; great boast little action; muckle prayer, but little devotion.

পিসী বল, মাসী বল, মার বাড়া নাই
পিটে বল, মিটে বল, ভাতের বাড়া নাই —None so kind as mother, nothing so nourishing as rice.

পীরিতের ঝগড়াই মজা—Nothing is more pleasant than to fall out in love.

পীরিতের নৌকা পাহাড়ে চলে—Love conquers all difficulties; love overcomes mountain.

পীরের সঙ্গে চালাকি
পীরের সঙ্গে মুখবাঁকানি —It is a dangerous policy to taunt a saint.

পুঁজি পাটা সব ফুরাল—All his resources have been exhausted.

পুঁটি মাছের প্রাণ দেখতে দেখতে যান—He is like a fry with a short life.

পুকুর কাত —A flatterer.

পুকুর কেটে নাওয়া—To bathe after digging a tank.

পুকুর চুরি—Stealing right and left.

পুন্‌কে শত্রু বড় আপদ্—A petty enemy is the greatest annoyance.

পুরুষের দশ দশা—A man's fortune is ever changing.

পুরাণ চাউল ভাতে বাড়ে—Old things are often more serviceable than new things.

পূজার সঙ্গে খোঁজ নাই কপাল জোড়া ফোঁটা—Muckle prayer but little devotion.

পুতনা রাক্ষসী—A devil with an angel's grace.

পেঁয়াজ পয়জার দুই হল—Adding insult to injury.

পেকের ঘরে ঘোগের বাসা—A dog eating a dog.

পেট খুঁজলে ক অক্ষর পাওয়া যায় না—Dive into his belly and you will not find a single letter therein; he is quite illiterate.

পেট ভরে ত নজর ভরে না—It is easy to satisfy one's hunger, but it is not so easy to satisfy one that his hunger has been satisfied.

পেট জ্বলে ভাতে সোণার আংটি হাতে—An empty stomach but a gold ring round one's finger.

পেটটি যেন ঢাকাই জালা—He has got a capacious stomach.

পেটে ক্ষুধা মুখে লাজ—Concealing one's hunger out of shame.

পেটে খেলে পিঠে সয়—A man can work hard if he gets sufficient food to eat.

পেটে ক্ষ [illegible] গজ গজ করে—He has a stomachful of learning.

পেটে ভাত নাই দাঁতে মিসি—A hungry stomach, but a painted face.

পেটের আগুনে বেগুন পুড়ে—He has got a burning fire in his stomach.

পেতনির হাতে রাঙা শাঁখা – A necklace of pearls round a sow's neck.

পৈতে পুড়িয়ে সন্ন্যাসী—A false saint.

পোয়া বার—His stars are in the ascendant.

পোয়ের নামে পোয়াতি বর্ত্তায়—The mother profiting by the name of her son.

প্রজাপতির নির্ব্বন্ধ—Divine ordination.

প্রতি ডুবে কি সালুক উঠে—Every opportunity does not make a hero.

প্রথমে বিস্‌মোল্লাই গলদ—A difficulty at the very starting point.

প্রদীপের কোল অন্ধকার—The immediate vicinity of the lamp is dark.

প্রবাসে নিয়মো নাস্তি—No restriction in the exile.

প্রাপ্তকালো ন জীবতি—A man must die when his race of life is run.

—:++:—

ফ

ফাঁকি দিলে ফাঁকে পড়তে হয়—A man who wants to deceive others is sure to be deceived himself.

ফিকিরে ফকির—A *designing* saint.

ফুটি ফাটা—To be broken into a thousand parts.

ফুটনির মামা ভিতরে কপ্নি উপরে জামা—To conceal one's poverty under a gaudy vest.

ফুলের ঘায়ে মুর্চ্ছা যায়—Too delicately constituted.

ফুৎকারে পাহাড় উড়ান—To blow up a mountain with a puff.

ফুলে নাই গন্ধ চোক থাকৃতে অন্ধ—A scentless flower is as one who cannot see even with eyes.

ফুলের সোহাগে ছোটার আদর—Even a bad thing is loved for the sake of a good thing.

ফুঁ দিয়ে দুধ খাওয়া—To blow hot milk cold.

ফেল কড়ি মাখ তেল—Pay down the price and take a thing.

ফোঁপোল দালালি—A profitless undertaking.

ফোড়ার উপর বিস্ফোটক—Gall to the wormwood.

ফল ঈশ্বরের হাতে—The consequences of all actions are at the disposal of God.

—:++:—

ব

বউ ভাঙ্গলে সরা গেল পাড়া পাড়া
গিন্নি ভাঙ্গলে নাদা ও কিছু নয় দাদা —Every body is blind to his own faults, but magnifies the faults of others.

বউ উঠতে স্থান পায় না উঠান জোড়া দাসী—A room filled with unnecessary things, all necessary things being *crowded out of space.*

বউ জব্দ শীলে ঝি জব্দ কিলে পাড়াপড়সি
জব্দ হয় চোখে আঙ্গুল দিলে } —Work is a discipline for the daughter-in-law, chastisement is a discipline for the daughter, nothing convinces a neighbour so as the pointing out his fault.

বক বিড়ালে ব্রহ্মজ্ঞানী—A wolf in sheep's clothing.

বগলে কাস্তে দেশময় খুঁজে—To keep a thing in the box and seek it all the world over.

বড় গাছে কাছি বাঁধা—The support of the great is the most efficient support.

বড় বড় হাতী গেল তল বেঁটে ঘোড়া বলে দেখি কত জল—Fools rush in where angels fear to trade.

বর্ণচোরা আম—*Lit*, a mango whose colour is no indication as to whether it is ripe or green ; a man flying false colours.

বর্গির হাঙ্গামা—The depredations of the *bargis* (Mahrattas.)

বলব কত দেখবো আর ছুঁচোর গলায় চন্দ্রহার—A necklace round a sow's neck.

বল বুদ্ধি ভরসা তিন তিরিশে ফরসা—Four score and ten brings strength, hope and intelligence all to an end.

বল মা তারা দাঁড়াই কোথা—To be in a fire or a helpless condition.

বলতে গেলে জাত থাকে না—His conduct will not bear a revelation.

বলীর ঘাম নির্ব্বলীর ঘুম—What is hard work to the strong that is sleep to the weak.

বসে খেলে কুবেরের ভাণ্ডারও ফুরায়—No earning and all spending will exhaust even a mint of money.

বসে খেলে কুলোয় না, করে খেলে ফুরোয় না—Earn and want not, live idle and eat and a whole store will be exhausted.

বস্‌তে জায়গা পেলে শোবার স্থান মেলে—Give him an inch and he will take an ell.

বাঁদি পরের পা ধোয়াতে পারে, নিজের পা ধোয় না—A slave can serve all but himself.

বাঁশতলায় বিয়ল গাই সেই সম্পর্কে মাসতুতো ভাই—A farfetched connection or relationship.

বাঁশ বাগানে ডোম কাণা—A man quite out at sea in his own sphere of occupation.

বাঁশের চেয়ে কঞ্চি দড়—The twig tougher than the stem; the child cleverer than the man.

বাঘে ছুঁলে আঠার ঘা—When a tiger mauls a man, there is very little chance of his recovery.

বাঘে মহিষে যুদ্ধ হয় নল খাগড়ার প্রাণ যায়—In the quarrel of great men it is the little who perish.

বাঘের আবার গোবধ—The tiger does not look upon cow-killing as a sin; the fool makes mock at sin.

বাঘের আড়ি—A tiger's watching.

বাঘেরও চক্ষুলজ্জা আছে—Even the tiger fears public opinion.

বাঘের কাছে গরু রাখালি—The fox appointed to guard the hens, the tiger appointed to guard cattle.

বাঘের ঘরে ঘোগের বাসা—A thief outwitting a thief.

বাঘের বাচ্ছা শেয়াল দেখে ভয় পায় না—A tiger's cub does not fear a jackal.

বাঘের যোগ্য বাঘিনী—Like tiger like tigress.

বাড়া ভাতে ছাই—A hope disappointed mars its fruition.

বাড়ীর কাছে কামার দা গড়ে দে আমার—Bring a thing to one's door and he will want it.

বাড়ীর গাছা পেটের বাছা—A plant grown by one is as dear as one's own child.

বাধা না মানে গাধা—The fool mocks at obstacles.

বানরের হাতে খোন্তা—It is not safe to put a sharp instrument in a fool's hands.

বাপ মা মরা দায়—An unpleasant duty which cannot be shaken off.

বাজারে আগুন লাগলে পীরের ঘর মানে না—When fire breaks out it does not respect even the saint's house.

বাবাজীকে বাবজী তরকারীকে তরকারী—A maid of all works.

বাবারও বাবা আছে—There is a master over a master.

বার রাজপুত তের হাঁড়ি কেউ না খায় কারো বাড়ী—Ten dervishes under one blanket, but no kingdom covers more than one king.

বালকেই চাঁদ ধরিতে যায়—It is a child which wants to catch hold of the moon.

বালির বাঁধ—An embankment of sand.

বালির বাঁধ শঠের প্রীতি, এই দুইয়ের একই রীতি—The love of the cunning is as evanescent as an embankment of sand.

বালির বাঁধে বন্যার জল আটকায় না—An embankment of sand cannot obstruct a current of water.

বিড়ালের ভাগ্যে শিকা ছেড়া—An unexpected blessing; a fall from the clouds.

বিদ্যার সমান নাই শরীরভূষিকা—Knowledge is the best ornament.

বিদ্বান্ সর্ব্বত্র পূজ্যতে—Learning is honoured every where.

বিধির বিপাক—The irony of fate.

বিনা মেঘে বর্ষণ—Rain without clouds; something unnatural and impossible.

বিনা সম্বলে পথ চলতে নাই—Do not go out on a journey empty-handed.

বিপদে মধুসূদন
বিপাকে পড়ে রাম নাম } —A saint remembered only in danger.

বিল শুকাবে যখন বকের আমোদ তখন—The heron is jubilant when the tank runs dry; one's adversity is another's prosperity.

বিমাতা বিষের ঘর—A mother-in-law is a tree of poison.

বুক ফাটে ত মুখ ফুটে না—The heart will break, but still the mouth will not speak.

বুকের পাটা পাঁচ হাত—He is a man of great cheek.

বুড় মেরে খুনের দায়—To kill a dying man and be guilty of murder.

বুড়া শালিক পোষ মানে না—An old bird is never tamed.

বুড়া শালিকের ঘাড়ে রো—An old man assumes the airs of a young man.

বুড়া গায়ের বাচ্চা—The offspring of an old woman.

বুদ্ধিতে বৃহস্পতি—As wise as Brihaspati.

বুদ্ধিগুণে হা ভাত বুদ্ধি গুণে খা ভাত—A man's fortune is of his own making; a man is the architect of his own fortune.

বুলবুলের সাধ্য কি বটফল গেলা—A Bulbul cannot swallow a fig.

বৃদ্ধস্য বচনং গ্রাহ্যম্—What an old man says should be respected.

বেঁড়ে গরুর লেজ ধরে স্বর্গে যাওয়া—To go to heaven by catching hold of the tail of a tail-less cow.

বেকারের চেয়ে বেগার ভাল
বেগার খাটবে ত বেকার থাকবে না } —*Some occupation* is better than no occupation; never remain idle; an idle brain is the Devil's workshop.

বেড়া আগুণ—A widespread conflagration.

বেঙের আধুলি—The miser's gold.

বেঙের নাকে মিনের নোলক—A neclace of pearls round a sow's neck.

বেহায়ার নাই লাজ নাই অপমান
সুজনকে এক কথা মরণ সমান } —The shameless cannot be shamed, but a word of reproach is as de tuous man.

বোঝার উপর শাকের আটি—A straw over and above a burden.

বৈদ্যনাথের ষাঁড়—A privileged libertine.

ব্যাঙের আবার সর্দ্দি—The frog which lives in water cannot catch cold.

ব্যথার ব্যথী—A sympathetic soul.

বংশের তিলক—An honour to the family.

ব্রণ চুলকে ঘা করা—To scratch a boil into a sore

ভক্তিহীন ভজন আর লবনহীন রন্ধন—Prayer without a heart is as useless as cooking without salt.

ভক্তের ভগবান্—God is always for the pious.

ভক্তিতে ভগবান্ তুষ্ট—Nothing pleases God like reverence.

ভগ্ন তরী—A leaking vessel.

ভগ্ন গৃহে বাস দুঃখ বার মাস—Live in a dilapidated house and suffer eternally.

ভগ্নস্নেহেন যা মৈত্রী ন সা কল্যাণদায়িকা—Friendship with broken love is sure to produce evil.

ভট্টাচার্য্যের পত্র আড়াল—The fruitless attempt to cover nakedness with a leaf.

ভদ্র লোকের আঁস্তাকুড়ও ভাল
অভদ্রের সিংহাসনও ভাল নয় —The ashpit of a gentleman is better than the throne of a ruffian.

ভরা ভাতে দাগা দেওয়া—To diappoint a man when his hope is near fruition.

ভবীতব্য কে খণ্ডাবে—None can go against his destiny,

ভয়ও নাই ভরসাও নাই—Between fear and hope; on the two horns of a dilemma.

ভরা ডুবি—The ship sinking with its cargo.

ভাগের (সাজার) মা গঙ্গা পায় না—What is all men's business is no man's business.

ভাগ্যং ফলতি সর্ব্বত্র—Fate is inexorible.

ভাঙ্গা ঘরে ভূতের বাসা—A ruined house is haunted by ghosts.

ভাঙ্গা ঢাক ভাঙ্গা মঙ্গলচণ্ডী—Like god like music.

ভাঙ্গা পা খালে পড়ে—The lame is sure to stumble into a ditch.

ভাঙ্গা শাঁখা জোড়া লাগেনা—Broken crystals never mend.

ভাঙ্গা হাটে কাড়া দেওয়া—To beat the drum in a place where there is no one to hear it.

ভাজে ঝিঙ্গে ত বলে পটল—Great boast, but small roast.

ভেবে করা আর করে ভাবা—To think before acting and to act befora thinking.

ভেবা চাকা লাগা—To be bewildered.

ভাবিতে উচিত ছিল প্রতিজ্ঞা যখন—One ought to think twice before making a promise.

ভাবিলে ভাবনার ঘেরে—Think and think and there will be no end of thinking.

ভাল মানুষকে ভাল কথা, বজ্জাতকে কীল—A good word for a good man and a blow for a rogue.

ভালর ভাল সর্ব্বকাল মন্দের ভাল আগে—A good man will always prosper, a bad man may prsper for a while.

ভিক্ষায়াং নৈবচ নৈবচ—*Begging never pays.*

ভিক্ষুকের এক দ্বার বন্ধ শত দ্বার খোলা—To the beggar, if one door is closed a hundred doors are open.

ভাল ঘোড়াকে এক চাবুক ভাল মানুষকে এক কথা—A stroke of whip to a good horse, a word of warning to a good man.

ভালবাসার এমনি গুণ পানের সঙ্গে যেমন চুন
কম হইলে লাগে ঝাল বেশী হইলে পুড়ে গাল } —Love must be well balanced; too much of it is as bad as too little of it.

ভীমরুলের চাকে ঘা দেওয়া—To disturb a hornests' nest.

ভীষ্মের প্রতিজ্ঞা—A steadfast promise.

ভূতের বাপের শ্রাদ্ধ—To make a mess of a thing.

ভূতের বেগার খাটা—To do unprofitable work.

ভূতে পশ্যন্তি বর্ব্বরাঃ—The fools are wise after the event.

ভূতের বোঝা বহা—To do unprofitable work.

ভূষণ্ডী কাক—Th prophetic crow.

ভুঁই ফোঁড় জমিদার—An upstart *Zamindar*.

ভেড়া করে রাখা—To make a food of a person; to drive one like dumb-driven cattle.

ভেক না লইলে ভিক মেলে না—You must turn a beggar before you expect to get alms.

ভেড়ার গোয়ালে আগুন লাগা—To set fire to a fold of sheep.

ম

মটরের চাপে মুসুরি চেপ্টা—A powerful neighbour is a source of eternal tyranny.

মড়া মেরে খুনের দায়—To kill a dead man and be called a murderer.

মণিকাঞ্চন যোগ—Fitly adorned; well-matched beauty.

মণিহারা ফণি—Restless and disconsolate like hte serpent without its crest jewel.

মদ খায়না মদে খায়—Drowned in drunkenness.

মধু নাই মধুর পাত্র আছে—No honey only the honey pot.

মধুরেণ সমাপয়েৎ—All's well that ends well.

মধু না থাকে গুড়—Treacle as a substitute for honey.

মনকে চোকঠারা—Self-deception.

মনুষ্যের চিন্তাই জ্বর—Anxiety is a burning fever.

মনে মনে মিল, লেগে গেল খিল—An attachment of the heart is an everlasting attachment.

মনের অগোচর পাপ নাই—Every one knows his own fault.

মনের কথা ফুটলে লোকে বলে পাগল—It is next to insanity to make a clean breast of oneself.

মন্ত্রিদোষে রাজ্য নষ্ট—Evil counsel leads to the fall of a Government.

মন্দ খবর মিথ্যা হয় না—A bad news generally turns out to be true.

মরণ কালে জলের ছাট—It is useless to attempt to revive a dying man.

মরণকালে জ্বরবিচ্ছেদ—The proverbial calm before a catastrophe.

মরণ কামড়—The mortal bite.

মরণকালে হরিনাম—Prayer at the last moment; prayer when it is too late to pray.

মরদ কা বাত হাতী কা দাঁত—The word of a brave man should never fail just as the tusk of an elephant never falls.

মরা গরুর ঘাস কাটা—To cut grass for a dead cow; to do a useless and profitless work.

মরা গাঙে কুমীরে ভরা—A stagnant stream is infested with crocodiles; a stagnant mind is the seat of evil.

মশা মারতে গালে চড়—Harm watch harm catch.

মহিষের সিং বাঁকা বুঝবার সময় একা—Divided among themselves but united against a common foe.

মাগের কাছে পেগের বড়াই—Brave within the curtains.

মাছ ধরতে গেলে কাদা লাগে—One must dirty his fingers if he wants to catch fish; no cross no gain.

মাছ মরেছে বিড়াল কাঁদে শান্ত কল্লে বকে
ব্যাঙের শোকে সাঁতার পানি দেখি সাপের চোখে } —Hypocritical sympathy; crocodile tears.

মাছিমারা কেরাণী—A copyist without discretion.

মাছের তেলে মাছ ভাজা—To do something without incurring any expenditure.

মাতাল দাঁতাল বিশ্বাস নাই—Don't believe a drunkard nor a ferocious animal.

মাথা নাই তার মাথা ব্যথা—No head, no headache.

মাথা মুড়িয়ে ঘোল ঢালা—To put one to the indignity of shaving his head and pouring sour milk upon it.

মাথায় মুতলে মুখ বেয়ে পড়ে—Pour dirty water on your head and it will dirty your face.

মাথার ঘায়ে কুকুর পাগল—Like a dog tormented by sores on its head.

মানুষে মানুষ চেনে শূকরে চেনে ঘেচু—Every body is guided by his own taste.

মানুষের কুটুম এলে গেলে গরুর কুটুম চাটলে চুটলে—The proof of kinship lies in sympathy.

মায়ের চেয়ে ব্যথিত বড় তারে বলি ডাইনি—She is not a sincere friend who professes greater love than the mother.

মায়ের নাম পোটাচুনী ছেলের নাম চন্দনবিলাস—A man of low birth trying to pass for an aristocrat.

মার মায়াই মায়া বট ছায়াই ছায়া—Mother's love and *bat* tree's shade afford great protection.

মারি ত গণ্ডার লুঠি ত ভাণ্ডার—Either Cæsar or no one.

মারের চোটে ভূত পালায়—To beat black and blue.

মিট্‌ মিটে ডাইন ছেলে খাবার যম—Outwardly innocent inwardly a criminal.

মিষ্ট আমেই পোকা ধরে—It is the sweet fruit which is worm-eaten.

মুখে এক খান মনে আর এক খান—Saying one thing, thinking another.

মুখে কালি চুণ পড়ল—To suffer great humiliation.

মুড়ি মিছরির সমান দর—Glass and gold equally priced.

মুনির মন ভুলান—To tempt the saint.

মূর্খ পুত্র বিধবা কন্যা, দুইই সমান—A widowed daughter and an illiterate son are equally a source of trouble.

মূর্খ পুত্র যমসম—An illiterate son is as dangerous as the God of death.

মূর্খের দোষ পদে পদে—The fool commits fault at every step.

মোল্লার দৌড় মসজিদ পর্য্যন্ত—No one goes beyond his "shop."

য

যখন কপাল মন্দ হয় বন্ধুলোকে মন্দ কয়—Even friends speak ill of an ill-starred person.

যখন যার কপাল বাঁকে দুর্ব্বাবণে বাঘে ঝাঁকে—When the luck is against one he falls into a danger.

যতক্ষণ যোগ ততক্ষণ ভোগ—One must suffer so long as he lives.

যত চতুর তত ফতুর—Too much cleverness, too much foolishness.

যত ছিল নাড়াবুনে তত হল কীর্ত্তনে—Taking to a higher profession without any previous training.

যত তক্ক (তর্ক) তত নরক (নরক)—In too much disputation God is lost.

যত দোষ নন্দ ঘোষ—All the faults are Nanda Ghosh's.

যত শেষ তত বেশ—All's well that ends well.

যত্নে কৃতে যদি ন সিদ্ধতি কোঽত্র দোষঃ—There is no harm in trying and failing.

যত্নে তৃণ কাষ্ঠ থান, রহে যুগ পরিমাণ—Keep a thing carefully and it will last an age.

যদি কাটে কাল সাপে, কি করিবে রোজার বাপে—There is no remedy against snake-bite. None can stay the course of the inevitable.

যদি পড়ে পাশা তবে জিতে চাষা—Even a fool may win if fortune favours him.

যদি হবে খাঁটি তবে হও মাটি—Humility is the parent of all virtues.

যম, জামাই, ভাগনা, তিন নয় আপনা—Death, son-in-law and nephew can never be one's own,

যমের অরুচি—Disliked even by death.

যমের খাতার তলব পড়া—To have one's name on the book of death.

যাঁহা বাহান্ন তাঁহা তিপ্পান্ন—When one has done all let him do the rest.

যাচলে মাণিক বিকায় না—Even a jewel which goes a begging for a customer is sure to fetch a low price.

যার শত্রু পরে পরে—Setting an enemy against an enemy.

যার আছে মাটি তারে নাহি আটি—The landed is the most powerful man on earth.

যার গরু কাদায় পড়ে তার দুন বল হয়—A man in danger gains in strength.

যার গলা ধরে কাঁদি তার চক্ষে নাহি পাণি—One whose sympathy I seek has no sympathy with me.

যার গোলায় ধান তার কথায় টান
যার ট্যাঁকে টাকা তার কথা বাঁকা —A full purse makes one speak harsh.

যার জন্য চুরি করি সেও বলে চোর
যার জন্য বুক ফাটে সে আমারে এঁকে কাটে —Want of gratitude in a person for whose welfare one does not hesitate to do anything.

যার বিয়ে তার মনে নাই পাড়া পড়শির কাটনা কামাই—He is quite indifferent, about whose business others are very much concerned.

যে আসে লঙ্কায় সেই হয় রাক্ষস—Whoever comes to Lanka is a Rakshasa.

যেখানে না চলে সুই সেখানে চালাই বেটে—To drive the thick end of the wedge where even the thin end cannot be passed.

যে গরু দুধ দেয় তার চাট সহ্য হয়—One must bear the kick of a cow which yields a large quantity of milk.

যে দিকে জল পড়ে সেই দিকে ছাতা ধরে—To render assistance wherever it is necessary.

যে দেশে কাক নাই সে দেশে কি রাত পোহায় না—Does not

the day dawn where there is no crow? A natural phenomenon does not depend upon an accidental circu mstance.

যে না ভাবে আগে পাছে সে আবাগের বাঁচা মিছে—He is sure to go to rack and ruin who does not think of consequences.

যেমন দান তেমন দক্ষিণা—As is the gift so is the after-gift.

যেমন পাপ তেমন প্রায়শ্চিত্ত—As is the sin so is the repentance.

যেমন বাঁদি তেমনি চরকা—Like maid like occupation.

যেমন হাঁড়ী তেমনি সরা টক ঘোল তার ছেঁদা মালা—Like man like companion.

যে যা খায় তাই তার ঢেকুর উঠে—One must feel the consequences of his actions.

যে যা চায় সে তা পায়—One gets according to his desire.

যে যাতে রত কহে তার মত—One must speak as he thinks.

যে যার সে তার—Love begets love.

যে যারে ধায় সে তারে পায়—One gets him whom he seeks.

যে রক্ষক সেই ভক্ষক—The protector proving a destroyer.

যে রাঁধে সে কি চুল বাঁধে না—There is time enough for all work; everything in its proper time.

যে শোলটা পালায় সেই শোলটা বড়—An opportunity lost is the greatest opportunity.

যোগ্যের যোগ্যেন যুজ্যতে—Like to the like.

র

রতনে রতন চেনে—A man of worth knows a man of worth.

রাজায় রাজায় যুদ্ধ হয় উলু খাকড়ার প্রাণ যায়—The kings fight and the people suffer.

রাজার রাজপাট যোগীর ঝুলি কাঁথা—Like rank like profession.

রাত উপোসে হাতী পড়ে—A little fast half kills an elephant.

রাম না হতে রামায়ণ—Ramayan before Rama.

রাম রাজ্য—The reign of Rama; peaceful and prosperous reign.

রেওর স্বর্গেও চিড়ে দই—One must get according to his deserts.

রেঁদে বেড়ে মলো ভুয়ো হাত নেড়ে পর্শালো স্থয়ো—One does the work another gets the credit.

রোকা কড়ি চোকা মাল—Cash payment brings in the freshest goods.

——:o:——

ল

লক্ষ্মণের ফল ধরা—To carry out an order literally.

লঙ্কায় গেলেন দরিদ্র নিয়ে এলেন হরিদ্র—Gigantic efforts, but small consequences.

লঙ্কায় রাবণ মল বেহুলা কেদে রাঁড় হলো—An attempt to connect two diametrically opposite circumstances as cause and effect.

লাভের গুড় পিপড়ায় খায়—Small profit eaten up by the cost of a large establishment.

লেখার কড়ি বাঘে খায় না—Keep a correct account of your money and you will lose nothing.

লেফাপা দুরস্ত—Perfect and faultless in form.

—:•:—

শ

শক্ত মাটীতে বিড়ালে আঁচড়ায় না—The cat does not ease itself on hard soil *i.e.* no one will venture to insult a strong man.

শক্তের তিন কুল মুক্ত—The strong meets with no opposition.

শতং বদ মা লিখ—Speak a hundred words, but never write.

শনিবারের মড়া দোসর চায়—A man who dies on a Saturday would like to take a companion with him

শনির দৃষ্টি হলে পোড়া শোল পালায়—When Fate is against one he loses even what has come into his possession,

শরীরমাদ্যং খলু ধর্ম্মসাধনম্—Health is at the root of spiritual excellence; health first religion afterwards.

শস্যঞ্চ গৃহমাগতম্—Nothing is gained which is not safe

under lock and key; corn come home is corn of which one can be sure.

শাক চোরকে ত্রিশূল—A punishment heavy out of all proportions to the crime.

শাক দিয়া মাচ ঢাকা—A fruitless attempt to conceal a crime.

শালগ্রামের শোয়া বসা সমান—To the *Salgram* (which is a round stone) there can be no difference of posture; dull uniformity unbroken by anything new.

শিং ভেঙ্গে বাছুরের পালে মেশা—An old man keeping company with young men.

শিকল কাটা টিয়া পোষ মানে না—A bird which has once escaped from the cage, will never return to it.

শিয়ালের যুক্তি—An action always planned, never performed.

শীকারী বিড়ালের গোঁফ দেখলে চেনা যায়—A man is known from his appearance.

শুকনা কাঠ ভাঙ্গিলেও নোয় না—A dry twig will break, but will not bend; one is best taught in childhood.

শুকনা গাছে জল সেচা—It is useless to sprinkle water on a dry plant.

শুকনা ঘায়ে আকন্দের আটা—To apply unction to a sore after it is cured.

শেয়ানা ঘুঘু ফাঁদে পা দেয় না—A wary sinner is not easily caught.

—:++:—

ষ

ষাঁড়ের গোবর কোন কাজে লাগে না—Oxdung serves no useful purpose.

ষাঁড়ে ষাঁড়ে যুদ্ধ হয় উলু খড়ের প্রাণ যায়—The kings fight and their subjects suffer.

ষোল কড়াই কাণা—All the coins spurious.

—:++:—

স

সংসার আনন্দময় যার মনে যা লয়—The world is as one makes it.

সখের প্রাণ গড়ের মাঠ—A wild jolly heart.

সঙ্গ দোষে গ্রাম নষ্ট—Bad company spoils a whole village.

সতী বাক্য রক্ষা হেতু বিধিবাক্য নড়ে—A chaste woman can defy even divine laws.

সতীর জন্য কোল অসতীর জন্য কীল—A kiss for a chaste woman and a cudgel for an uncl

সন্ন্যাসীর অল্পছিদ্র গায় সর্ব্বজন,
শুভ্র বস্ত্রে মসীবিন্দু দেখায় যেমন —The smallest fault of a saint is magnified, just as a spot of ink on a snow-white cloth looks very prominent.

সব শিয়ালে খেলে কাঁটাল, বকের ঠোঁটে আটা—One does the scath another bears the scorn.

সবাইকে পারা যায় পায়পড়াকে পারা যায় না—It is difficult to get rid of an importunate beggar.

সম্বন্ধো জীবনাবধি—All connections last only during life.

সয়ে থাকলে বয়ে যায়—Patience makes time pass away.

সর্ব্ব দেবময়োঽতিথি—An *atith* is as good as a God.

সহিলে সম্পত্তি না সহিলে বিপত্তি—The fruits of patience are sweet and those of impatience bitter.

সাঁতার না জানলে বাপের পুকুরে ডুবে মরে—An inexperienced swordsman wounds himself with his own weapon.

সাগরও শুকায় না পাপও লুকায় না—It is as difficult to conceal a sin as to pump out the water of a sea.

সাত কথার উপর এক কথা—A word in season.

সাত ঘাটের জল খাওয়ান—To drive one from post to pillar.

সাত চড়ে মশা মারা—To slay a mosquito on the wheel.

সাতেও হুঁ পাচেও হুঁ—Obliging and obsequious.

সাধ করে বৈষ্ণব হতে প্রাণ যায় মচ্ছব দিতে
সাধ করে সেকেন্দর হতে খোদা দেয়না মেগে খেতে }—It is difficult to pay for a costly whim.

সাধু যাহার সঙ্কল্প ঈশ্বর তাহার সহায়—God always helps good intentions.

সাপও মরে লাঠিও না ভাঙ্গে—To kill a snake without breaking a rod; to achieve one's object without undergoing any trouble.

সাপের ছুঁচা ধরা—To incur a responsibility which can not be shaken off.

সাপের পা দেখা—To look upon one's self as one who has achieved something unattainable.

সাপের হাঁচি বেদেয় চেনে—One best understands the secrets of his own trade.

সাবধানের মার নাই—One cannot be too careful; eternal vigilance is the price of safety.

সারা দিন থাকবো নায় খড়ম দিব কখন পায়—A man of business has no time for foppishness.

সাহসের ভরা ডুবে না—Venture and win your purpose.

সিংহের ভাগ শৃগালে খায়—The jackal usurping the lion's share.

সুখে থাকিতে ভূতে কিলয়—Not to be content with one's position, however happy and peaceful.

সুখের ঘরে রূপের বাসা—Cheerfulness is the mother of beauty.

সূচ হয়ে, সেধিয়ে ফাল হয়ে বের হওয়া—To drive in the thin end of the wedge and then to drive in the thick end; *Lit.* to enter as a needle and come out as a ploughshare.

সেই ত মল খসালি তবে লোকটা কেন হাসালি—To yield after an unnecessary show of obstinacy.

সেকরা বাড়ীর বিড়াল ঠকঠকানিতে ভয় পায় না—The black-smith's cat is not afraid of the sounding hammer; one becomes accustomed to his surroundings.

সে গুড়ে বালি—That hope is gone.

সোণা ফেলে আচলে গিরে—To lose the jewel and then tighten the knot of the purse.

সোণার ওজন কুঁচের সহিত—Gold should be minutely weighed. Of a valuable thing not even the least should be neglected.

স্ত্রীলোকের লজ্জাই ভূষণ—Modesty is the ornament of a woman.

স্বদেশে পূজ্যতে রাজা বিদ্বান্ সর্ব্বত্র পূজ্যতে—The king is

honoured in his own dominion, but the learned man is honoured everywhere.

স্বর্গে বাতি দেওয়া—To exalt; to raise to a sacred eminence.

স্বামীর হাতে ধন থাকলে স্ত্রীর নাম লক্ষ্মীমণি—The wife of a rich husband is the object of honour everywhere.

—:o:—

হ

হউক না কেন কাঠের বিড়াল ইন্দুর ধরলেই হইল—A dummy cat is as good as a live cat if it can destroy rats and mice.

হওয়া ভাতে কাঠি—To deprive one of a dinner already prepared; to baffle one on the eve of his attaining his end.

হক কথাতে আহম্মক রুষ্ট—The fool is offended if truth is spoken.

হবচন্দ্র রাজার গবচন্দ্র মন্ত্রী—A foolish king counselled by a foolish minister.

হরি বল্লে কাঁড়া চাল মিলে—Depend upon God and all your wants will be satisfied.

হস্তী মূর্খ—As dull-headed as an elephant.

হাকিম ফেরে ত হুকুম ফেরে না—The *hakim* i.e. the court may change, but never his judgment.

হাগুন্তির লাজ নাই দেখুন্তির লাজ—The sinner is not ashamed of his sin, but the witness of his sin is.

হাটের চাষা হুজুক চায়—The fools are always on the look out for a *huzuk* or sensation.

হাটের মাঝে হাঁড়ী ভাঙ্গা—To proclaim one's fault to the world.

হাড়ে দুর্ব্বা গজায়—Rusting and pining away.

হাতী ঘোড়া গেল তল মশা বলে কত জল—Fools rush in where angels fear to tread.

হাতীর খোরাক—The food of an elephant.

হাতীর গলায় ঘণ্টা—As out of place as a bell tied to the neck of an elephant.

হাতে দই পাতে দই তবু বলে কৈ কৈ—The more one gets the more one wants.

হাতে না মেরে ভাতে মারা—To punish one by depriving him of his bread.

হাতে পাঁজি মঙ্গলবার—Do not quarrel over certainty.

হাতের পাঁচটা আঙ্গুল সমান নয়—All the five fingers in the hand are not equal; good and bad make the world.

হাতের লক্ষ্মী পায়ে ঠেলা—To forsake sure good fortune.

হুকুমে হাকিম চলে—Even the king must obey the law.

PART III.

ENGLISH PROVERBS

TRANSLATED INTO BENGALI.

A

A wounded reputation is seldom cured—যশ একবার নষ্ট হইলে আর তাহার উদ্ধার হয় না।

An ill wound may be cured but not an ill name—ঘার ঔষধ আছে দুর্নামের ঔষধ নাই।

A bad temper sours everything—স্বভাব মিষ্ট না হইলে কিছুই মিষ্ট হয় না।

A bad thing never dies—মন্দর নাশ নাই।

A bad writer quarrels with his pen
The losing horse blames the saddle } —নাচতে না জানলে উঠানের দোষ।

A bald head is soon shaved—টেকো মাথা কামান সহজ।

A bitter wind cleans the corn—বিপদেই মনুষ্যের চরিত্র নির্ম্মল হয়।

A clean fast is better than a dirty breakfast—বরং অনাহারে থাকিবে তথাপি উদরের জন্য মন্দ কার্য্য করিবে না।

A thin meadow is soon mowed—তৃণহীণ মাঠের ঘাস কাটিতে কষ্ট নাই।

A careless watch invites a vigilant foe—অসাবধান থাকিলেই শত্রুকে ডাকিয়া আনা হইল।

A barber learneth to shave by shaving fools—চাষায় চিকিৎসা ক'রে গোবৈদ্যেরা যায় ত'রে।

A lazy man eats his own brains—আলস্যে বুদ্ধি নাশ।

A little time may be enough to hatch a great mischief —অল্প সময়েই অনেক মন্দ কাজ হইতে পারে।

A black hen can lay a white egg
A black woman may bear a fair child } —কাকের ডিমও সাদা, কাল মা শাদা ছাঁ।

A blind man is no judge of colours—অন্ধের কাছে রঙের বিচার হয় না; অন্ধ জাগ—কিবা রাত্রি কিবা দিন।

A booby will never make a hawk—শৃগাল কখন সিংহ হইতে পারে না।

A bow long bent waxeth weak } —অতি
All work and no play makes Jack a dull boy }
জোরে টান দড়ি, ফস ক'রে যাবে ছিঁড়ি; অতিশ্রমে শরীরের ক্ষয়।

Abandon not your old clothes till you get your new —নূতনের আশায় পুরাতন ত্যাগ করিও না।

Abundance like want ruins many—অভাবের ন্যায় অর্থের আতিশয্যও অনর্থের কারণ।

A good name shines in the dark—সুনামের প্রভা সর্ব্বত্র সমান।

A scalded dog fears cold water
He that has been bitten by a serpent is afraid *of a* [rope
—ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখেও ভয় পায়; যার মাকে কুমীরে খায়, সে ঢেঁকি দেখলে ভয় পায়; নেড় বেলতলায় ক'বার যায়?

A cat may look at a king—বাগে পেলে বেঙেও হাতীকে চাট্ মারে।

A clear conscience fears no accusation—যার মনে পাপ নাই সে অপবাদকে ডরায় না।

A close mouth catcheth no flies } —ঘুমন্ত শৃগাল
A sleeping fox catcheth no poultry }
পাখী ধরে না; মরা গরুতে ঘাস খায় না।

A dark chase needs a silent hound—পাপ কার্য্য করিতে হইলেই গোপনে করিতে হয়।

A dirty bird defiles its nest
It is a foolish bird that fouls its own nest —মূর্খে আপনার পায়ে আপনি কুড়ুল মারে।

A drowning man will catch at a straw—নৈরাশ্য সমুদ্রে তৃণও ভরসা।

Adversity often leads to prosperity—দুঃখের পর সুখ।

A fault confessed is half redressed—দোষ স্বীকার করিলেই তাহার অর্দ্ধেক সংস্কার করা হইল।

A flying crow always catches something—যত্ন করিলে কিছু না কিছু সিদ্ধি হইবেই।

A flow of words is no point of wisdom—অধিক কথায় বিজ্ঞতা প্রকাশ হয় না।

A fool may give a wise man counsel—মূর্খের কাছেও শিখিবার থাকিতে পারে।

A fool may ask more questions in one hour
Than a wise man can answer in seven years —মূর্খেও পণ্ডিতকে ধাঁদা লাগাইতে পারে।

A fools bolt is soon shot
A fool and his money are soon parted —মূর্খের হাতে টাকা থাকে না।

A fool's bolt may sometimes hit the mark—মূর্খেও কখন কখন ঠিক কথা কয়।

A fool will laugh when he is drowning—মূর্খে মরিতে বসিয়াও হাসিতে ছাড়ে না।

A fox should not be of the jury at a goose's trial—মোল্লার কাছে মুরগীর বিচার; কাজীর কাছে হিঁদুর পরব।

A friend in need is a friend indeed
Adversity is the only balance to weigh friends } — বিপদেই বন্ধুর পরিচয়।

A friend to everybody is a friend to nobody
Everybody's friend is everybody's fool } —যাহার সকলের সহিত বন্ধুত্ব তাহার বন্ধুত্বের মূল্য নাই।

After cloud comes fair weather—বিপদের পর সম্পদ্।

After meat mustard—নুন আনতে পান্তা ফুরায়।

After sweetmeat comes sour sauce
He who laughs on Friday will weep on Sunday } —যত হাসি তত কান্না বলে গেছে রাম শর্ম্মা; মিষ্টির পর টক।

A hedge between keeps friendship green—বন্ধুত্ব দূর হইতেই চিরস্থায়ী হয়।

A light purse is a heavy curse—টেঁক খালি যার মুখ ভারি তার।

A full purse never lacks friends—টাকা থাকিলে সকলেই বন্ধু হয়।

A gift with a kind countenance is a double present —হাসি মুখে দান, কেড়ে লয় প্রাণ।

A civil denial is better than a rude grant—বরং মিষ্ট কথায় ফিরাইবে, কিন্তু মন্দ কথা বলিয়া দান করিবে না।

A good companion makes a good company
Keep good company and be one of the number
Better be alone than in bad company
—সৎ সঙ্গে কাশীবাস।

A good cow may have an ill calf
A good goose may have an ill gostling —ভাল মা, মন্দ ছা।

A good cause makes a stout heart and a strong arm —বল বল ধর্ম্ম বল।

A good name is better than riches—ধনের চেয়েও মান।

A great man and a great river are often ill neighbours—বড় গাছের তলায় বাস, ডাল ভাঙ্গলেই সর্ব্বনাশ।

A good lawyer an evil neighbour—উকীলের সঙ্গে বাস হয় সর্ব্বনাশ।

A great ship needs waters deep—বৃহৎ কর্ম্মে বৃহৎ অনুষ্ঠান।

A fog cannot be dispersed by a fan—হাত দিয়ে হাতী ঠেলা যায় না।

A hungry man is an angry man—ক্ষুধা পাইলেই রাগ হয়।

Hungry bellies have no ear—ক্ষুধা পাইলে দিগ্বিদিক জ্ঞান থাকে না; বুভুক্ষিতঃ কিন্ন করোতি পাপম্।

A hungry man smells meat afar off—ক্ষুধা পাইলেই খাবারের দিকেই মন।

A mad bull is not to be tied up with a pack thread —তৃণ গুচ্ছে মত্ত হস্তী বাঁধা যায় না।

A liar should have a good memory—মিথ্যা কথা বলিতে হইলে তীক্ষ্ণ স্মরণ শক্তির আবশ্যক।

A lie begets a lie till they come to generations —একটী মিথ্যা কথা কহিলে অনেক মিথ্যা কথা কহিতে হয়।

Truth has a fast bottom—সত্য কথার মার নাই।

A lean compromise is better than a fat lawsuit— মোকদ্দমায় সর্ব্বস্বান্ত হওয়া অপেক্ষা মিট মাট করিয়া কিছু পাওয়া ভাল।

A little body often has a big soul—বয়সেতে বিজ্ঞ নয় বিজ্ঞ হয় জ্ঞানে।

A little bird wants a little nest—যার যেমন অবস্থা তার সেইরূপ ব্যবস্থা।

A little pot is soon hot—অল্পবুদ্ধি লোক শীঘ্রই চটিয়া উঠে; ছোট হাঁড়ি শীঘ্রই গরম হয়।

All between the cradle and the coffin is uncertain —জীবনে কিছুরই স্থিরতা নাই।

All is not gain that is got into the purse—টাকা টেঁকে উঠিলেই লাভ নয়।

All is not butter that comes from the cow—গরুতে যাহা কিছু দেয় তাই মাখন নয়।

A fair face may hide a foul heart
A clean glove often hides a dirty hand } —বাইরে সরল ভিতরে গরল, বিষকুম্ভ পয়োমুখ।

All are not saints that go to the church—গলায় মালা থাকিলেই বৈষ্ণব হয় না।

There may be a leaden sword in an ivory scabbard —বাইরে চাকন চিকন, ভিতরে খড়ের পত্তন।

All is good that God sends us—ভগবান্ যা করেন সবই ভাল।

All men row galleyway—সবাই আপনার কোলে টানে।

Almost and very nigh save many a lie—যদি বল "প্রায় ঠিক" তবেই হবে কথা ঠিক।

A low hedge is easily left over
In a calm sea, every man is a pilot. } —ছোট বেড়া

সকলেই ডিঙ্গাইতে পারে; ক্ষুদ্র বাধা সকলেই অতিক্রম করিতে পারে; স্থির সমুদ্রে সকলেই কর্ণধার।

A man forewarned is forearmed—সাবধানের বিনাশ নাই।

A man that runs away may fight again—যঃ পলায়তে স জীবতি।

A man who does nothing never has time to do anything—কুড়ের কাজের সময় হয় না।

A man may hold his tongue in an ill time—জীভা একবার হড়কাইলে, আর সামলাইতে যাওয়া বৃথা।

A word spoken is an arrow let fly—কথা ছুটিলে, আর ফিরান যায় না।

A fool lingers long, but time hurries on—সময়ের স্রোত বহিয়া যাইতেছে, কিন্তু মূর্খ লোকের হুস নাই

A man's best fortune or his worst is his wife
A good wife and health are a man's best wealth

—"নিত্যমরোগিতা চ প্রিয়া চ ভার্য্যা প্রিয়ভাষিণীচ।"

A man without religion is like a horse without a bridle—ধর্ম্মহীন মানুষ ও বল্গাহীন অশ্ব দুইই সমান।

A man's own opinion is never in the wrong
Orthodoxy is my doxy heterodoxy is another man's doxy.

—নিজের চক্ষে নিজের মতই অভ্রান্ত।

A man's wealth is his enemy
A great fortune is a great slavery } —অর্থই অনর্থের মূল। অর্থের দাসত্ব ক্রীতদাসত্বের সমান।

An Angel's face with a devil's purpose
Beneath the rose lies the serpent
A mouth of ivy and a heart of holly
Bees that have honey in their mouths have stings in their tails.
—মুখে মধু হৃদে ক্ষুর; মিছরির ছুরি; বাহিরে দেবতাসম ভিতরে পিশাচ।

An empty hand is no lure for a hawk—নেংটার নেই বাটপাড়ের ভয়।

An honest man is not the worse because a dog barks at him—পরের নিন্দায় সাধুর সাধুত্ব নষ্ট হয় না।

An honest countenance is the best passport—সততার গতির রোধ নাই।

An honest man does not make himself a dog for the sake of a bone—সামান্য বিষয়ের জন্য ঠাকুর কখন কুকুর হয় না।

An ill turn may be soon done—ভাল করতে পারি না মন্দ করব কি দিবি তা বল।

An intemperate patient makes a cruel doctor—রোগী অবাধ্য হইলে ডাক্তারকেও নির্দ্দয় হইতে হয়।

An old dog learns no tricks—বুড়ো বয়সে আর নূতন শিক্ষা হয় না।

An ounce of patience is worth a pound of brains—এক হাঁড়ি বুদ্ধির অপেক্ষা এক ফোঁটা ধৈর্য্য ভাল।

An open door will tempt a saint—সুযোগ পেলে সাধুও চোর হয়।

A penny saved is a penny gained—যা বাঁচাবে তাই লাভ।

An ungrateful man is a tub full of holes—নিমক্হারামে দান আর ছেঁদা পাত্রে জল।

A penny a day is a groat a year—রাই কুড়িয়ে বেল।

A pitcher that goes oft to the well is broken at last—জল তোলা দড়ী কদিন টিঁকে।

Argus at home but a mole abroad—স্বদেশের ঠাকুর বিদেশের কুকুর!

A mouse in time may shear a cable asunder—ক্ষুদ্র মুষিকও ধৈর্য্য বলে জাহাজের কাছি কাটিতে পারে।

A single fact is worth a shipload of argument—এক ঝুড়ি তর্কের অপেক্ষা একটুখানি সত্যেরও দাম বেশী।

A soft answer turneth away wrath—মিষ্ট কথায় রাগ পালায়।

As the fool thinks, so the bell clings—কাক ম'রল ঝড়ে পেচা বলে আমার শাপ লাগলো হাড়ে হাড়ে।

A stone that is fit for the wall is not left in the way—দরকারি জিনিস পড়ে থাকেনা।

As I brew so must I drink
As you make your bed, so you lie on it
All the Tracies have the wing in their face
—যেমন কর্ম্ম তেমনি ফল; "অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্।"

A wager is a fool's argument—মুর্খের যুক্তি নাই সব কথাতেই বাজী রাখিয়া থাকে।

A watched pot never boils
Hungry men think the cook lazy
—ক্ষুধা পাইলে দেরী সহেনা।

A whistling maid and crowing hen
Is neither good for God nor men
—মেয়ে মর্দ্দানী ভাল নয়।

A wise man aims at nothing out of his reach—"না প্রাপ্যমভিলষন্তি।"

A woman's mind and winter wind change oft
Glasses and lasses are brittle ware
—স্ত্রিয়াশ্চরিত্রং পুরুষস্য ভাগ্যং দেবা ন জানন্তি কুতো মনুষ্যাঃ।

A woman's strength is in her tongue—স্ত্রীলোকের মুখই সর্ব্বস্ব।

A work ill done must be done twice—কাঁচা গাঁথুনি দুনো খাটুনি।

A young whore, an old saint—বৃদ্ধ বেশ্যা তপস্বিনী।

Angry words fan the fire like wind—রূঢ় কথায় ক্রোধাগ্নি আরও জ্বলিয়া উঠে।

Any time means no time—করবো অখন বলাও যা না করাও তা।

An unlawful oath is better broken than kept—অন্যায় প্রতিজ্ঞা ভঙ্গ করাই ভাল।

Apelles was not a master-painter in one day—এক দিনেই পণ্ডিত হওয়া যায় না।

A needy man's budget is full of schemes—উত্থায় হৃদি লীয়ন্তে দরিদ্রাণাং মনোরথাঃ।

A virtuous woman is a crown to her husband—সতীই পতীর মাথার মণি।

A man without a wife a house without a roof—স্ত্রীহীন পুরুষ আর ছাদহীন গৃহ।

A man of straw is worth a woman of gold—নির্ধন পুরুষও ধনবতী স্ত্রীলোকের চেয়ে ভাল।

A man of pleasure is a man of pains—যত সুখ চাও তত দুঃখ পাও।

A woman without religion, a flower without perfume ধর্ম্মহীন নারী আর গন্ধহীন পুষ্প।

A woman always changeable and capricious—স্ত্রীলোকের মনের স্থিরতা নাই।

A woman can't keep a secret—স্ত্রীলোকের পেটে কথা থাকে না।

A woman and a glass are never out of danger—স্ত্রীলোক ও কাচের পদে পদে বিপদ্।

A woman without a husband, a house without a foundation—স্বামিহীন স্ত্রী আর ভিত্তিহীন গৃহ।

—:•:—

B

Be slow to promise, but quick to perform—শীঘ্র প্রতিজ্ঞা করিও না শীঘ্র প্রতিজ্ঞার পূরণ করিও।

Beauty blemished once, for ever lost—রূপ একবার যাইলে আর হয় না।

Better half an egg than an empty shell
Better the small fish than empty dish } —নেই মামার চেয়ে কাণা মামা ভাল।

Bachelor's wives and maid's children are always well taught—যার সঙ্গে ঘর করিনি সেই বড় ঘরনী, যার হাতে খাই নাই সেই বড় রাঁধুনী।

Before you marry, be sure of a house, wherein to tarry—আগে গৃহ তার পর গৃহিনী।

Better alone than ill company—একলা থাকা ভাল ত, কুসঙ্গ ভাল নয়।

Better bend the neck than bruise the forehead—ভেঙ্গে না গিয়ে মচকান ভাল।

Better a barking dog than a sleeping lion—নিদ্রিত সিংহাপেক্ষা জাগ্রত কুকুরও ভাল।

Better late than never—একেবারে না করার চেয়ে দেরিতে করা ভাল।

Better reign in hell than serve in heaven—স্বর্গে দাসত্ব অপেক্ষা নরকে রাজত্ব ভাল।

Better spare at the brim than at the bottom }
Spare when you are young, spend when you are old }
—আগে সঞ্চয় পরে ব্যয়।

Better three hours too soon than a minute too late—কাজ তিন ঘণ্টা কাল আগে করা ভাল ত এক মিনিট দেরিতে করা ভাল নয়।

Birth is much but breeding more—সদ্বংশ অপেক্ষা সৎ-শিক্ষা আদরণীয়; না পড়াবি পো, ত সভায় নিয়ে থো।

Blood without groats is nothing—ধন না থাকিলে মান রক্ষা হয় না।

Borrowed garments never fit well—চাওয়া পোষাক গায়ে ঠিক হয় না।

Brag is a good dog, but hold fast is better—জাঁক করা মন্দ নহে যদি সেই সময়ে জাঁকের মত কার্য্য করিতে পার।

Bruise a leaf, it gives fragrance—যে পাতার সুগন্ধ আছে তাহাকে যত রগড়াইবে ততই সুগন্ধ বাহির হইবে।

Burn not your house to frighten away the mice—
নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করো না।

Break my head and bring me a plaster—লাথি মেরে গড়।

Brazen and earthen pots cannot keep together—
পিত্তলের হাড়ী ও মাটির হাঁড়ী একসঙ্গে থাকিলে মাটির হাঁড়ির দুর্দ্দশা হইবে।

But one egg and that addled—এক ব্যঞ্জন তাও নুনে পোড়া।

Business is the soul of life—কাজেই প্রাণ।

Business sweetens pleasure and labour sweetens rest
—কাজেই সুখ, পরিশ্রমের পরই শান্তিলাভ হইয়া থাকে।

By losing present time we lose all time—উপস্থিত সময় নষ্ট করিলে সব সময় নষ্ট হইবে।

C

Catch not at the shadow and lose the substance—
নিশ্চিত ছাড়িয়া অনিশ্চিত ধরিতে যাইও না।

Children and fools speak the truth—শিশু ও মূর্খে কখন মিথ্যা কথা কহে না।

Children and fools should not handle edge tools—
বানরের হাতে খন্তা দিতে নাই।

Children are a poor man's riches—দরিদ্রের ছেলে পিলেই টাকা।

Children suck the mother when they are young and the father when they are old—ছেলেবেলায় মা, বড় হইলে বাপ।

Choose a wife rather by your ear than by your eye —এগুনে গুণ বিচারি, পশ্চাৎ দর্শনভারি।

Claw me and I'll claw thee, scratch my back and I'll scratch thine }—যেমন ব্যবহার করিবে তেমনি ব্যবহার পাইবে।

Close sits one's shirt but closer one's skin—ধনের চেয়ে প্রাণ।

Constant occupation prevents temptation—সর্ব্বদা কাজ লইয়া থাকিলে পাপের প্রলোভন কাছে আসিতে পারে না।

Come uncalled for sit unserved.
Uninvited guests sit on thorns.
An unbidden guest must bring his stool with him.
———Unbidden guests
Are often welcome when they are gone
}—বিনা নিমন্ত্রণে আসিলে ভুগিতে হয়; এলো শ্রাদ্ধের খাঁতো দক্ষিণা।

Common fame is seldom to blame—যা রটে তার কিছু বটে।

Comparisons are odious—সব সময় তুলনা করা ভাল নয়।

Contempt will sooner kill an injury than revenge—প্রতিহিংসা অপেক্ষা ঘৃণায় সহজে শত্রুর নিপাত হয়।

Credit lost is like a broken glass—ভাঙ্গা মান জোড়া লাগে না।

Crows are none the whiter for washing themselves }
You cannot wash a blackamoor white }
—"অঙ্গারঃ শতধৌতেন মলিনত্বং ন মুঞ্চতি।"

'Curst cows have curt horns—পাগলা গরুর ছোট শিঙ; অপকারী ব্যক্তির পক্ষেও অপকার করা সহজ নয়।

———:o:———

D

Death defies doctor—মরণের ঔষধ নাই।

Death keeps no calendar—মৃত্যুর কালাকাল নাই।

Diet cures more than doctors—ঔষধ অপেক্ষা পথ্য।

Different sores must have different salves—ভিন্ন রোগের ভিন্ন ঔষধ।

Diseases are the tax on pleasures—রোগই অসুখের মূল; রোগের চেয়ে বালাই নেই।

Do a thing rather than wish it done—কাজ নিজে করিবে পরের দ্বারা করাইতে ইচ্ছা করিবে না।

Do all you can to be good and y'll be so—কর প্রাণ পণ হইবে সুজন।

Do not make fish of one and flesh of another—লোকের সহিত ব্যবহারে ইতর বিশেষ করিও না; কারুর পাতে মাছের মুড়ো কারুর পাতে কাঁটা।

Don't rip up old sores—পুরাণ কাঁসুন্দী ঘেঁটো না।

Don't buy a pig in a poke—দেখে শুনে কর ক্রয়।

Don't put your finger in too tight a ring—বেশী শক্ত কাজে হাত দিও না

Don't put all your eggs in one basket
Don't hang all your bells on one horse. }—যথাসর্ব্বস্ব এক কাজে খাটান ভাল নহে।

Do on hill as you would do in hall—বাইরে যেমন ঘরেও তেমন।

Do unto others as you would be done by—যদি লোকের কাছে সদ্ব্যবহার পাইতে ইচ্ছা কর ত লোকের সহিত সদ্ব্যবহার কর।

Draw not your bow till your arrow is fixed—আগে কর আয়োজন তার পরেতে কাজ

Drawn wells are seldom dry
A used key is always bright } —জিনিষের ব্যবহার না করিলে ভাল থাকে না।

Drunkenness is an egg from which all vices are hatched—সুরাপান সর্ব্বপাপের মূল।

Duty before pleasure.
Consult duty, not events.
Duties are ours; events are God's.
Do what you ought, come what may } —কর্ত্তব্যের দিকে লক্ষ্য রাখিও ফলের দিকে নহে।

E

Early to bed and early to rise makes a man healthy wealthy and wise—সকালেতে নিদ্রা যাও, উঠহ সকালে, স্বাস্থ্যলাভ, ধনলাভ, জ্ঞানলাভ ফলে।

Either Cæsar or no one—মারিত গণ্ডার লুঠি ত ভাণ্ডার।

Employment is Nature's physician—কাজ করিলে রোগ থাকে না।

Employment brings enjoyment
enjoyment stops where indolence begins } —কর কাজ পাবে সুখ।

Enough is as good as a feast—মনে সন্তোষ হইলেই সর্ব্বত্র সন্তোষ।

Envy never has a holiday—ঈর্ষাবান্ লোকের কখনও শান্তি নাই।

Envy shoots at others and wounds herself
Malice drinketh its own poison
—পরের মন্দের চেষ্টা করিলে নিজের মন্দ আগে হয়।

Equity is half religion—ন্যায়পরতায় অৰ্দ্ধেক ধৰ্ম্ম।

Even a child may beat a man that's bound হাতী হাঁদলে পড়লে বেঙেও চাট মারে।

Every cock crows well on his own dunghill—কলুর ছেলে ভাল গায় যখন ঘানি গাছে শোর।

Every body is wise after the event—চোর পালালে বুদ্ধি বাড়ে।

Every dog is a lion at home—আপন ঘরে সবাই রাজা; আপন কোটে পাই, চিঁড়ে কুটে খাই।

Every dog has his day and every man his hour —এসা দিন নেহি রহেগা।

Every fool can find faults that a great many wise men can't remedy—পড়িলে ভেড়ার শৃঙ্গে ভাঙ্গে হীরার ধার।

Every man hath a fool in his sleeve—মুনীনাঞ্চ মতিভ্রমঃ।

Every man is not born with a silver spoon in his mouth—সকলেই বড় মানুষের ঘরে জন্মায় না।

Every man is the architect of his own fortune —নিজের কাজ নিজের হাতে।

Every man's neighbour is his own looking glass —পড়শীর মুখ না আরসীর মুখ।

Every one puts his fault on the times—সকলেই নিজে দোষ করে কালের দোষ দেয়।

Every one thinks his own geese swans—নিজের ঘোল কেউ টক্ বলে না।

Every shoe fits not every foot—ভিন্ন রুচির্হি লোকঃ।

Everything dear is a woman's fancy—খেতে পায় না পচা পুঁটী বউ চান হীরের আংটি।

Every tub must stand on its own bottom—সকলেরই নিজের ভার নিজে বহন করা উচিত।

Evil beginnings have bad endings—মন্দ কাজের মন্দ ফল।

Evil illgotten, evil illspent—পাপের ধন প্রায়শ্চিত্তে যায়।

Expect not at another's hand what you can do by your own. }—পরের ভরসা বাঁয়ে ছুরি।

Extremes meet—কিছুরই অতিশয় ভাল নয়।

Example is better than precept
An ounce of example is better than a pound of precept.
A good example is the best sermon
Precepts may lead, but examples draw
}—উপদেশে যে শিক্ষা না হয় কার্য্যে সেই শিক্ষা হয়।

F

Fair and *softly* goes far in a day—চুপিচুপি কাজ করিলে অনেক কাজ করা যায়।

Fair women and slashed gowns will find nails in the way—সুন্দরী স্ত্রী ও সূক্ষ্ম বস্ত্র অনেক যত্নে রক্ষা করিতে হয়।

Faith is the golden chain to *link* the penitent sinner unto God—বিশ্বাসে মিলয়ে কৃষ্ণ তর্কে বহুদূর।

False in one thing false in all—যাহার এক বিষয়ে মিথ্যা তার সব বিষয়েই মিথ্যা।

Far-away cows have long horns
The hills look green that are far away } —দূরের কেশ ঘন দেখায়।

False friends are worse than open enemies
A treacherous friend is the most dangerous enemy }

—প্রকাশ্য শত্রু অপেক্ষা মিথ্যা বন্ধু অধিক ভয়ঙ্কর।

Far folks fare well and fair children die—যে ঘোমটা পালায় সেইটাই বড়।

Fat sorrow is better than lean sorrow—অন্নকষ্ট না থাকলে আর সব কষ্ট সহ্য হয়।

First deserve then desire—পাইবার উপযুক্ত হইয়া পাইবার ইচ্ছা করিও।

Fear is a great inventor—ভয়েতেই ভাবনা জুটে।

Faults are thick where love is thin—যারে দেখতে নারি তার চলন বাঁকা।

First comes owing and then comes lying—ধার করিলেই মিথ্যা কথা কহিতে হয়।

Fish and visitors smell in three days—শ্বশুর বাড়ী মথুরাপুরী তিন দিন পড়্‌লে ঝাঁটার বাড়ি।

For a mischievous dog a heavy clog—যেমন কুকুর তেমনি মুগুর।

For a hair Martin lost his ass—সামান্যর জন্য সমূহ ক্ষতি।

Fly pride says the peacock—ময়ূর বলেন কুকড়ো দাদা বুক ফুলিয়ে চলো না।

Forbidden fruit is sweet—যা খাইতে মানা তাই খাইতেই বড় বাসনা।

Fortune favours fools—হাবলার গোঁসাই পরমেশ্বর।

Fortune knocks once at least at every man's gate—মানুষের সময় একবার না একবার ফেরে।

From fame to infamy is a beaten road
Easy it is to bowl down hill } —অধর্ম্মের পথ বড়ই সরল।

From gold to nothing like Mandrabul's offering—ছিল ঢেঁকি, হল তুল, কাট্‌তে কাট্‌তে নির্ম্মূল।

From short pleasure long repentance—অল্প সুখভোগ অনেকক্ষণ অনুতাপ।

—:++:—

G

Gambling is an express train to ruin—জুয়া খেলায় সর্ব্বনাশের পথ প্রস্তুত হয়।

Give your tongue more holiday than your hands or eyes—হাত পাকে বিশ্রাম দিওনা জীভকে বিশ্রাম দাও।

Give a rogue rope enough and he will hang himself—পাপীকে পাপের প্রতিফল পাইতেই হইবে।

Give the devil his due—শত্রোরপি গুণা বাচ্যাঃ।

Gluttony kills more than the sword—যুদ্ধে যত লোক না মরে লোভে তত লোক মরে।

God• tempers the wind to the shorn lambs—নিরাখালের খোদাই রাখাল।

God sells knowledge for labour, honour for risk—বিনা পরিশ্রমে জ্ঞান বিনা যত্নে সম্মান লাভ হয় না।

Good wares make quick markets—ভাল জিনিষ পড়তে পায় না।

Good words and no deeds are rushes and reeds—কেবল ভাল কথা কহিলেই হয়না, ভাল কাজ করা চাই।

Good manners are made up of petty sacrifices—ভদ্রতা শিখিতে হইলে ত্যাগস্বীকার চাই।

Good company makes short miles
A boon companion halves the longest way } —সঙ্গী থাকিলে পথ চলিতে কষ্ট নাই।

Gossiping and lying go hand in hand
A deluge of words, a drop of sense } —অধিক কথা কহিলেই কিছু না কিছু মিথ্যা কহিতেই হইবে।

Great hopes make great men—বড় আশা বড় লোক।

Great is the Diana of Ephesians
Nothing like leather } —গরজ বড় বালাই।

Grumbling makes the loaf no larger—সকলেরই নিজের অবস্থায় সন্তুষ্ট থাকা উচিত; খুঁৎ খুঁৎ করিলেই অবস্থার উন্নতি হইবে না।

—:++:—

H

Heaven cannot support two suns and earth two masters—এক দেশের দুই রাজা, ও এক গগনে দুই সূর্য্য থাকিতে পারে না।

He gives twice, who gives in a trice—সময়ের দান অসময়ের দ্বিগুণ দানের সমান।

He hath need of a long spoon that eateth with the devil—দুর্জ্জনকে দূরে পরিহার।

He is idle that might be better employed—যে কাজ করিতেছ তাহার অপেক্ষা ভাল কাজ করিবে; তাহা না করিলেই আলস্য করা হইল।

He killed the goose to get the eggs—হাঁস মেরে ডিম নেওয়া; গাছ কেটে ফল পাড়া।

He will soon be a beggar that cannot say no—অতি-দানে বলী বদ্ধ।

He must stoop that hath a load o'er—অবস্থা বুঝে ব্যবস্থা।

He danceth well to whom fortune pipeth—যার টাকা তার সবই শোভা পায়।

He plays well that wins
Losers are always in the wrong } —পড়ে পাশা ত জিতে চাষা।

He that loveth not his brother whom he hath seen cannot love God whom he hath not seen } যে নিজের ভাইকে ভাল বাসেনা সে ভগবান্‌কে ভাল বাসিতে পারে না।

He that waits for another's trencher eats many a late dinner—পরপ্রত্যাশী নর গলায় দড়ী দিয়ে মর।

He that is afraid of wounds must not come nigh a battle—যে অস্ত্রের ভয় করে সে যেন যুদ্ধ করিতে যায় না।

He that goes a-borrowing goes a-sorrowing—উপস কল্লে যাবে দিন, ধার কল্লে হবে ঋণ।

He that blows in the dust fills his own eyes—ধূলায় ফুঁ দিলে চোখে ধূলা ঢোকে।

He that has no silver in his purse should have silver in his tongue—পয়সা না থাকলে মুখ মিষ্টি হওয়া চাই।

He that goes to law holds a wolf by the ears—মোকদ্দমা করাও যা বাঘের মুখে যাওয়াও তা।

He who goes to law for a sheep loses his cow—ঘটীর জন্য মোকদ্দমা করিলে ঘড়াটাও হারাইতে হইবে।

He that is warm, thinks all are so—যে সুখী সে সকলকেই সুখী মনে করে।

He sits up by moonshine and lies abed in sunshine—দিন গেল হাসে ফাসে, জোনাকীর পোঁদে বাতি জ্বলে।

He has the brand of villain in his looks—তাহার চাহনিতে যেন বদমাইসির ছাপ মারা।

I

Idle *folks* have the *most* labour—কুড়েমির চেয়ে অধিক পরিশ্রম না ।

Idleness makes the fullest p ırse empty—বসিয়া খাইলে কুবেরের ভাণ্ডারও খালি হয়।

dleness is the sepulchre of a living man—যাহার কাজ নাই সে জীবন্মৃত ।

If I cannot keep geese, I will keep gostling—কেউটে ধরিতে না পারি হেলে ধরিব ।

If you cannot bite, never show your teeth—দি কামড়াতে না পার ত দাঁত খিঁচিও না

If the cap fit wear it—পড়লো কথা সভার মাঝে যার কথা তার গায়ে বাজে ।

If the time don't suit you suit yourself to the time —সময় যদি তোমার উপযোগী না হয় তোমাকে সময়ের উপযোগী কর ।

If the mountain will not come to Mahomet, Maho-

met must go to the mountain—জল না এগুলে তৃষ্ণাই এগোয়।

I have got into the wrong box—আমার স্থানভুল হইয়াছে।

If you touch pot you must touch penny—ফেল কড়ি মাখ তেল।

If pride leads the van, beggary brings up the rear —অহঙ্কারই দারিদ্রের মূল।

Ignorance excuses the crime—অজ্ঞানেতে করে পাপ জ্ঞান হলে হরে।

I have a crow to pick with you—তোমার সঙ্গে আমার ঝগড়া আছে।

Ill examples are like contagious diseases—মন্দ উদাহরণ সংক্রামক রোগের ন্যায় ভয়ানক।

Ill news runs apace—কুসংবাদ শীঘ্র প্রচারিত হয়।

In for a penny in for a pound
Over shoes over boots } —দু টাকার কাজ করিতে হলেও দশ টাকা হাতে লইতে হয়।

Industry is the parent of virtue—পরিশ্রমই সর্ব্ব গুণের মূল।

Industry is the fortune's right hand and frugality is its left— পরিশ্রম ও মিতব্যয়িতা বিনা ধন লাভ হয় না।

It is an ill wind that blows no body good—জগতে এমন কিছু নাই যাহাতে কেবল অমঙ্গলই হয়।

It is a sad house where the hen crows louder than the cock—যে বাড়ীতে গৃহিণীর প্রভুত্ব সে বাড়ীতে শান্তি নাই।

It is deeds must win the prize—কর কার্য্য পাবে ফল।

It cuts both ways like a two-edged sword—শাঁখের করাত; যেতে কাটে আসতে কাটে।

It is hard for an empty bag to stand upright—খালি থলে নুয়ে পড়ে। যাহার কিছু মাত্র সার নাই তাহার পতন হইবেই হইবে।

It is lost labour to sow where there is no soil—ভূমি নাই তার চাষ।

It is not easy to straighten in the oak the crook that grew in the sapling—কাঁচায় না নোয়ালে বাঁশ পাকলে করে টাঁস টাঁস।

It is hard to kick against pricks—কাঁটা বনে লাথি মারিলে পা কাটিবেই কাটিবে।

It is never too late to learn—শিক্ষায় কালাকাল নাই।

It is folly to live poor and die rich—খায় না ধন সঞ্চ করে, তার ধন খায় শেষে চোরে আর পরে।

I will cut your comb for you
I will comb your noddle with a three-legged stool
—মেরে ভূত ভাগিয়ে দেব।

J

Jack will never make a gentleman—চাষা কখন ভদ্র হইতে পারে না।

Jest with an ass and he will flap you in the face with his tail—চাষার গদ্দি কাস্তের ঠোকর।

Jesting lies bring serious sorrows—ঠাট্টা করিয়া মিথ্যা কহিলেও কষ্ট ভুগিতে হয়

Judge not of a ship, as she li s on the stocks—কাজ না দেখিয়া লোকের দোষ গুণ বিচার করিও না।

——:o:——

K

Keep Bayard in the stable—মূল্যবান্ বস্তু যতনে রাখিবে

Keep no more cats than will catch mice—যত গুলি ভৃত্য রাখা আবশ্যক তাহার অধিক রাখিও না।

Kill the lion's whelp; thou wilt strive in vain when he is grown—শত্রুকে বাড়িতে দিও না।

Kings have long hands—রাজার হাত হইতে পরিত্রাণ নাই।

Kindness like grain increases by sowing—দয়া যতই করিবে ততই তাহার বৃদ্ধি হইবে।

Keep the common road and you are safe—যে পথে সকলেই যায় সেই পথে যাওয়াই শ্রেয়ঃ।

L

Labour has a bitter root but a sweet taste—পরিশ্রমের গোড়ায় টক আগায় মিষ্টি।

Labour warms sloth harms—পরিশ্রমে সুখ, আলস্যে দুঃখ।

Labour conquers all things—পরিশ্রমের অসাধ্য কিছু নাই।

Lend every man thine ears, but few thy voice—সকলের কথা শুনিবে কিন্তু কাহাকেও তোমার কথা বলিবে না।

Let every man praise the bridge he goes over—যার নুন খাই তার গুণ গাই।

Let not the sun go down upon your wrath—অধিকক্ষণ ক্রোধভরে থাকিও না।

Let him keep peacock to himself—নিজের জাঁক নিজের কাছেই থাকুক।

Let Gryll be Gryll and keep his hoggish mind—যার যেমত মতি, তার তেমতি গতি।

Let women spin and not preach—সংসার ধর্ম্মই স্ত্রীলোকের কাজ বক্তৃতা করা স্ত্রীলোকের কাজ নহে।

Life is but a walking shadow—নলিনী দলগত জলমতি তরলং তদ্বৎ জীবনমতিশয় চপলম্।

Life is most enjoyed when courted least; most worth when dis-esteemed—ভোগের স্পৃহা করিলে জীবন দুর্ব্বহ হইয়া উঠে। জীবনের মূল্য অধিক ধরিলে মূল্য কমিয়া যায়।

Life has its thorns: heed not their scratches—জীবনের পথ কণ্টকময়, কাঁটা ফুটিবার ভয় করিও না।

Laziness begins with cobwebs and ends with iron chains—আলস্যের বন্ধন প্রথমে আলগা হইলেও শেষে নিগড়ের ন্যায় দৃঢ় হয়।

Like saint like offering—যেমন চুলোমুখো দেবতা তেমনি পাঁশের নৈবিদ্য।

Little boats must keep near shore—নিজের থই বুঝে জলে নামিবে।

Little pitchers have long ears—ছোট ছোট ছেলের বড় বড় কাণ; ছোট ছেলের সম্মুখে কোন গোপনীয় কথা কহিও না।

Live not to eat but eat to live—জীবনধারণের জন্যই আহার আহারের জন্য জীবনধারণ নহে।

Lookers-on see more than players
The man on the dyke always hears well } —খেলোয়াড়ের ভুল দেখ্‌নীতে দেখিতে পায়।

Love, a cough, and the itch cannot be hid—প্রেম, কাশি, চুলকনা, চির দিন চাপা থাকে না।

Love rules *without a sword and binds without a cord*—প্রেমের শাসনে অস্ত্রের প্রয়োজন নাই, প্রেমের বন্ধনে রজ্জু চাহি না।

Love and lordship never like fellowship—প্রণয় ও প্রভুত্ব একসঙ্গে থাকিতে পারে না।

Love makes labour light—ভাল বাসার পরিশ্রমে কষ্ট নাই।

Love is blind—প্রেম অন্ধ।

Love me little, love me long—প্রেমের আতিশয্য ভাল নয় স্থায়িত্বই ভাল।

Love well, whip well—খাওয়াবে হাতীর ভোগে, দেখবে বাঘের চখে।

Love will creep where it cannot go—প্রেমে বাধা মানে না।

Lowly sit richly warm—যদি শান্তি পাইতে চাও ত অধিক আশা করিও না।

——:•:——

M

Man's best candle is his understanding—জ্ঞানালোক সব আলোকাপেক্ষা শ্রেষ্ঠ।

Many a ragged colt may make a good horse—অনেক গবাও, কালে গোবৰ্দ্ধন বাবু হয়।

Many can pack cards that cannot play—ছাইতে জানে না গোড় চেনে।

Many go out for wool and come home shorn—অনেকে বেশী লাভ করতে গিয়ে মূলধনশুদ্ধ খোয়াইয়া আসে।

Many hands make light work—দশের লাঠী একের বোঝা।

Many talk of Robinhood who never shot in his bow,
And many talk of little John, that never did him know
—লঙ্কায় না গিয়েই রাবণ।

Marry in haste, repent at leisure
Age and wedlock bring a man to his night cap
—না বুঝিয়া বিবাহ করিলেই জ্বলিয়া মরিতে হয়।

Men with heads beneath their shoulders—মাথায় মাথা নাই।

Mildness governs better than anger—মিষ্ট কথায় যে কাজ হয়, রূঢ় কথায় সে কাজ হয় না।

More are drowned in the beaker than in the ocean
Bacchus hath drowned more men than Neptune
—জলে কম লোকেই ডোবে মদে অনেকেই ডুবিয়াছে।

More water glideth by the mill than the miller knows of—গৃহে যা কিছু হয় সবই গৃহস্থ জানিতে পারে না।

Punctuality is the soul of business—যখনকার কাজ তখন করাই সিদ্ধিলাভের উপায়।

Put no faith in tale-bearers—পরের কুৎসাকারীর কথায় বিশ্বাস করিও না।

Put not a naked sword in a mad man's hand—বানরের হাতে খোন্তা দিতে নাই।

——:০:——

Q

Quarrelsome dogs get dirty coats—বিবাদে স্বভাব নষ্ট।

Quick returns make rich merchants }
Light gains make a heavy purse } —যত শীঘ্র বিক্রয় তত শীঘ্র লাভ।

Quick at meat quick at work }
A dawdle in one thing is a dawdle in all } —যে এক কাজে তৎপর সে সব কাজেই তৎপর।

——:০:——

R

Rather walk with Sir Priest than with Sir Knight —যুদ্ধ বাঞ্ছনীয় নহে শান্তিই বাঞ্ছনীয়।

Reckless youth makes rueful age—আগে না বুঝিলে বাছা যৌবনের ভরে, পরেতে কাঁদিতে হবে নয়নের ঝরে।

Religious contention is Satan's harvest—ধর্ম্মের তর্কে কৃষ্ণভক্তি উড়িয়া যায়।

Remove an old tree and it will wither to death—বুড়া বয়সে স্থানান্তর হইলে বড় কষ্ট হয়।

Repentance is the heart's medicine—অনুতাপই পাপের প্রায়শ্চিত্ত।

Remorse is the echo of a lost virtue—অনুতাপই পূর্ব্ব পুণ্যের লক্ষণ।

Round men in square holes, and square men in round holes—পদের অনুপযুক্ত লোক।

Rome was not built in a day—এক দিনেই একটা বৃহৎ কার্য্য সম্পন্ন হয় না।

——:o:——

S

Sad hours seem long—দুঃখের রাত পোহায় না।

Scandal has wings—ছিদ্রেষ্বনর্থা বহুলী ভবন্তি।

Selfishness has no eyes—স্বার্থপরতার চক্ষু নাই।

Send not for a hatchet to break open an egg with—মশা মারতে কামান পেতো না।

Set the saddle on the right horse—যার কর্ম্ম তারে সাজে অন্য লোকে লাঠী বাজে।

Shoeing the wild colt—বন্য ঘোড়াকে বশ করা শক্ত।

Showing the cold shoulder—সাদর সম্ভাষণ না করা।

Sloth makes all things difficult and industry all easy—আলস্যে সবই কষ্টকর, পরিশ্রমে সবই সহজ।

Sloth is the nurse of vice and rust of action—আলস্যেই পাপ ও কার্য্যের ক্ষতি।

Sloth is the mother of poverty
A slothful hand makes a slender estate
A slothful man is a beggar's brother
—আলস্যই দারিদ্রের কারণ।

Soon ripe soon rotten—এঁচোড়ে পাকলে শীঘ্রই নষ্ট।

Sorrow will pay no debts—বৃথা অনুতাপে ফল নাই।

Sorrows remembered sweeten present joy—দুঃখ বিনা সুখ মিষ্ট লাগে না।

Spare the rod and spoil the child—ছেলেকে শাসনে না রাখিলে ছেলে মন্দ হইয়া যায়।

Spare when you are young and spend when you are old—আগে সঞ্চয় পরে ব্যয়।

Spear at the spigot and spill at the bung
Stumble at a straw and leap over a block
Swallow an ox and be choked with the tail
—সুমুখ দিয়ে মশাও গলে না, পিছন দিয়ে হাতীও গলে।

Speak not against the sun—যাহা প্রত্যক্ষ সত্য তাহার অপলাপ করিও না।

Speech is silvern, silence is golden—বৃথা বাক্যব্যয় অপেক্ষা মৌনাবলম্বনই ভাল।

Speech is the image of action—কথাতেই অনেকটা কার্য্যের পরিচয় পাওয়া যায়।

Speak the truth and shame the devil—সত্য কথায় শয়তানও ভয় পায়।

Standing pools gather filth—যে জলাশয়ে স্রোত বহে না সেই জলাশয়েই ময়লা জমে। আলস্যেই পাপের বৃদ্ধি।

Stars are not seen by sunshine—চাঁদের কাছে জোনাকী, ঢাকের কাছে টেম টেমীর বাজনা।

Sue a beggar and get a louse—গরীবের সঙ্গে মামলা করা মূর্খতা।

T

Take care of the pence and the pounds will take care of themselves—পয়সা জমাইতে শিখ টাকা আপনিই জমিবে।

Take time by the forelock—সময় যাইতে দিবে না, সময়ের সদ্ব্যবহার করিবে।

Teach your grandmother to roast eggs—পাকা রাঁধুনীকে রান্না শিখাইতে যাইও না।

Tell me the company you keep and I will tell what you are
A man is known by the company he keeps
One takes the colour of one's company
—সংসর্গদোষে স্বভাব নষ্ট।

Temperance is the best physic—মিতাচারের চেয়ে ঔষধ নাই।

The absent are always in the wrong—যে লোক উপস্থিত নাই লোকে তাহারই অধিক কুৎসা করিয়া থাকে।

The ass never lowers his voice—গাধা কখন আস্তে ডাকে না।

The ass waggeth its ears—গাধাও মোড়লী করিতে চাহেন।

The beaten anvil gives sparks of light—লৌহকে যতই পিটিবে ততই অগ্নির স্ফুলিঙ্গ বাহির হইবে; মানুষ যতই বিপদে পড়িবে ততই তাঁহার গুণ বর্দ্ধিত হইবে।

The best Physicians are Dr Diet, Dr Quiet and Dr Merryman—সুপথ্য শান্তি ও আনন্দের অপেক্ষা ঔষধ নাই।

The biter is sometimes bit—পদদলিত ব্যক্তিও সময়ে সময়ে প্রতিহিংসা লইয়া থাকে।

The boughs that bear most hang lowest—যে ডালে ফল বেশী সেই ডালই নুয়াইয়া পড়ে।

The brighter the moon shines the more the dogs howl—হিংস্রক লোকে পরের ভাল দেখিতে পারে না।

The cat shuts its eyes while it steals cream—লোকে পাপকার্য্য করিবার সময়ে ইচ্ছাপূর্ব্বক ফলাফলের দিকে দৃষ্টি রাখে না।

The cobbler's wife go worst shod—ময়রার বউ সন্দেশের স্বাদ জানেন না। মুচির ছেলের পায়ে জুতা নাই। লক্ষ্মীর পুত্র ভিক্ষা মাগে।

The comforter's head never aches—যে সকলকে সান্ত্বনা দেয় তাহার কষ্ট নাই।

The devil can cite Scripture to suit his purpose—শয়তানও শাস্ত্র দেখাইয়া নিজের পক্ষ সমর্থন করিতে পারে।

The devil is not so black as he is painted—শয়তানও তাহাকে যত মন্দ বলা হয় তত মন্দ নহে।

The devil hates holy water—শয়তান ধর্ম্মকে বড় ঘৃণা করে। রাম নামে ভূত পালায়।

The face is the index of the mind—মনোভাব মুখে প্রকাশ পাইয়া থাকে।

The fairest rose at last is withered—মা কুরু ধনজন যৌবনগর্ব্বং হরতি নিমেষাৎ কালঃ সর্ব্বম্।

The fairest silk is soon stained—সুন্দর জিনিষেই শীঘ্র কলঙ্ক পড়ে।

The least said the soonest mended—যত কথা কম কহিবে তত কম ভুল সুধরাইতে হইবে।

The older the goose the harder to pluck—বৃদ্ধ বয়সে কৃপণতার বৃদ্ধি হয়।

The path of virtue is the path of peace—ধর্ম্মের পথই শান্তির পথ।

The path to hell is paved with good intentions—ধর্ম্মের নামে অনেক অধর্ম্ম অনুষ্ঠিত হয়!

The poor man seeks for food, the rich man for appetite—গরীব খোঁজেন খাদ্য, ধনী খোঁজেন ক্ষিদে।

The priest forgets he was a clerk
The mother-in-law does not remember she was a daughter-in-law. }—মা বড়

নির্ব্বুদ্ধি কেঁদে কেন মর, আপনি ভাবিয়া দেখ কার ঘর কর।

The road to heaven is through the heart—মন চাঙ্গা ত কাঠরে গঙ্গা।

The word that has escaped thee is thy master that which you retain is thy slave—যে কথা কহিয়াছ তাহার উপর আর তোমার হাত নাই।

The past is for wisdom, the present for action, but, for joy the future—অতীত হইতে জ্ঞান, বর্ত্তমানে কার্য্য, ভবিষ্যতে কার্য্যের ফলভোগ।

The proof of a woman is gold; of a man a woman—টাকা দিয়া চিন নারী নারী দিয়া নর।

The time that bears no fruit deserves no name—সময়ের ফল নাই সে সময়ের মূল্য নাই।

There are always more round pegs than round holes—উপযুক্ত লোকের অভাব নাই তাহাদের উপযুক্ত পদেরই অভাব ।

The venom is in the tail—সব জিনিষের লেজেই বিষ।

The parent's life is the child's copy-book—বাপ যায় দেখেই ছেলে শিখে।

The softest silk is hard to cut—রেশম যত সূক্ষ্ম হইবে ততই তাহা কাটা দুঃসাধ্য।

There are hills beyond Penland and fields beyond Forth—লোকে যা জানে তা ছাড়াও জানিবার অনেক আছে।

There is a crook in the lot of every one—সকলের ভাগ্যেই দুঃখ আছে।

There is a skeleton in every house—এমন গৃহ নাই যেখানে দুঃখ নাই।

There is no argument like that of the stick—মারের মত ঔষধ নাই।

There are many ways of dressing a calf's head—এক কাজের নানা পন্থা।

There's reason in roasting eggs
There is a special Providence in the fall of a sparrow } —সব কাজেরই কারণ আছে।

He that licks honey from thorns pay too dear for —কণ্টক হইতে মধু খাইতে যাইলেই যন্ত্রণা পাইতে হয়।

He that proposes to be an author should first be student—আগে শেখ পরে লেখ।

He that goes with wolves learns to howl
He that lies down with dogs must expect to rise with fleas
—অসৎ সংসর্গে স্বভাব নষ্ট।

He that is hasty fishes in an empty pond—যাহার সব তাতেই তাড়াতাড়ি তাহার কোন কাজই হয় না।

He that's born to be hanged needn't fear water—যাহার মরণ নিশ্চিত তাহার ডুবিবার ভয় কি ?

He that will not look before him must look behind him
He who looks not before finds himself behind
—আগে না চাইলে পশ্চাতে পড়িয়া থাকিতে হইবে।

He that wants to beat a dog will easily find a stick=কাহারও অপকার করিবার ইচ্ছা থাকিলে উপায়ের অভাব হয় না।

He who sows brambles must not go bare-footed
He who lives in a house of glass must not throw stone
—যাহার নিজের দোষ সাতকাহন সে পরের দোষ দেখাইবেনা।

He that will steal an egg will steal an ox—ছিঁচকে চোর থেকেই সিঁদেল চোর হয়।

He won't earn salt for his porridge—সে নিজের অন্ন নিজে রোজগার করিতে পারিবে না।

Hope is a good breakfast but a bad supper—আশার আরম্ভ ভাল শেষ কিছু না।

His shoes I am not worthy to bear—আমি তাঁহার জুতা বহিবারও উপযুক্ত পাত্র নহি।

Hold the cards in one's hands
To have the whip end of a stick } —নিজের হাতে প্রভুত্ব রাখা।

Honesty is the best policy—সততাই সর্ব্বাপেক্ষা সুন্দর উপায়।

Honest men and knaves may possibly wear the same cloth—চোরেও সাধুর সজ্জা পরিতে পারে।

Hope is grief's best music—দুঃখের মধ্যে আশার ক্ষীণ আলোকও মন প্রফুল্লিত করে।

——:o:——

More worship the rising than the setting sun—নুতন প্রভুকে সকলেই মান্য করে পুরাতন প্রভুকে কেহ করে না।

Money is a good servant but a dangerous master —অর্থের প্রভু হইলেই ভাল দাস হইলেই বিপদ্।

Muffled cats are bad mousers—কাজে বাধা পড়িলে কাজ সুসম্পন্ন হয় না।

—:o:—

M

Nearest the heart first comes out—যে কথা ভাবি দিবা-নিশি, সে কথা আগে প্রকাশি।

Necessity never made a good bargain—গরজে পড়ে কিনিতে গেলেই ঠকিতে হয়।

Need makes the old wife trot
Need makes the naked queen spin } —গরজে গয়লা ডেলা বয়।

Never fish in troubled waters—অসুবিধা দেখিলে কোনও কাজ করিও না।

Never put your arm out further than you can draw it back again
Never venture out of your depth till you can swim } —নিজের দৌড় বুঝে কাজ করিবে।

Never scald your lips in other folk's broth—পরের দুধে ফুঁ দিতে গিয়ে নিজে মুখ পুড়িও না।

Never tread on a sore toe—ব্যথায় আর ব্যথা দিও না।

Never venture all in one bottom—এক ব্যবসায়ে সর্ব্বস্ব ফেলিও না।

New brooms sweep well—লোকের নূতন নূতন কাজে খুব আঁটা হয়।

New lights often come through cracks in the ceiling
There's many a true tale told in jest
—অনেক সময় সামান্য কথায় সত্য পাওয়া যায়।

No deity assists the devil—কুড়ের বাথান বৈদ্যনাথে।

No man can make of ill acates good acates—পলতায় পরমান্ন হয় না।

None so blind as those who will not see—অবুঝকে বুঝান দায়।

Now is now here, but tomorrow nowhere—সময় এই আছে এই নাই।

No cut like unkindness—পরের অসহৃদয়তায় যত কষ্ট হয় এত আর কিছুতে হয় না।

No gift better than advice—উপদেশ দানের অপেক্ষা দান নাই।

No happiness without holiness—সদাচার বিনা সুখ নাই।

No man believes his own life will be short—মৃত্যুই মরিতে হইবে এ কথা কাহারই মনে থাকে না

—:•:—

O

Old birds are not to be caught with chaff—বুড়ো পাখীকে ফাঁদে ফেলা সহজ নয়।

One beats the bush, and another catches the bird—যার ধন তার ধন নয় নেটোয় মারে দই, কেউ মরে বিল ছেঁচে কেউ খায় কই।

One father can support ten children, but ten children cannot support one father—এক বাপে দশটি ছেলে প্রতিপালন করেন, কিন্তু দশটি ছেলে থাকিলে তাঁহার প্রতিপালন হয়না।

good turn deserves another—যার খাই তার গাই।

One is not so soon healed as hurt—গড়তে দেরী লাগে ভাঙ্গতে দেরী লাগে না।

One may lead a horse to water, but twenty canno make him drink unless he will—কাহারও ইচ্ছা বিরুদ্ধে কার্য্য করা সহজ নয়।

One man's fault is another man's lesson—পরের দোষ দেখে নিজে শিক্ষালাভ কর।

One man may steal a horse when another may not

look over the hedge—কেউ চুরি করে তরে যায়, কেউ দেখতে গিয়ে সাজা পায়।

'ne swallow does not make a summer—একটী ঘটনা হইতে সিদ্ধান্ত করা উচিত নয়।

——:•:——

P

'addle your own canoe—নিজের চরকায় তেল দাও।

'ardon is the most glorious kind of revenge—ক্ষমা অপেক্ষা আর প্রতিশোধ নাই।

'ast labour is present delight—পরিশ্রমেই আনন্দ।

'atience is a plaster for all sores—সহিষ্ণুতায় সর্ব্ব দুঃখ হরণ করে।

.ce flourishes, when reason rules—যেখানে জ্ঞানের রাজত্ব সেই থানেই শান্তির রাজত্ব।

aise the sea but keep on land—আগুনের প্রশংসা কিন্তু কাছে যাইও না।

evention is better than cure—রোগ হইলে তাহার প্রতীকার করা অপেক্ষা যাহাতে রোগ না হয় তাহা করা ভাল।

ide that dines on vanity sups on contempt—বৃথা অহঙ্কার করিলেই ঘৃণার পাত্র হইতে হয়।

Procrastination is the thief of time—দীর্ঘসূত্রতায় বড়ই সময় নষ্ট হয়।